ঘনানন্দ প্রলাপঃ
স্তোত্রাঞ্জলিশ্চ॥

শ্রীশরৎ কুমার ভট্টাচার্য্য
বিরচিত

মূল্য ১৲ টাকা।

গ্রন্থ প্রকাশের কারণ।

ঘনানন্দ-প্রলাপ নামে, আমার স্বরচিত সংস্কৃত শ্লোকে, এই পুস্তিকা প্রকাশিত হইল। ঘনানন্দ ও প্রলাপ এই শব্দদ্বয়ের প্রথমতঃ পরিচয় দান করিতেছি। আমি আশ্রমস্থ ঘনানন্দ নই, আমি পূর্ণ গৃহস্থ। আমি পত্নী, পুত্র, পৌত্রাদি লইয়া সংসার করি। আমার পিতৃপ্রদত্ত রাশিনাম ঘনানন্দ। আমি সর্ব্বজন পরিচিত শরৎকুমার নাম না দিয়া অপ্রকাশ্য নাম দিলাম কেন? ইহার উত্তর এই যে আমার বিদ্যা ও শাস্ত্রজ্ঞান উভয়ই অত্যল্প। প্রকাশ্য নামে গ্রন্থ প্রচারিত হইলে কেহ এই গ্রন্থ পাঠ করিবে না, এই আশঙ্কায় অপ্রকাশ্য নাম দিলাম। প্রলাপ শব্দের তাৎপর্য্য এই যে, গ্রন্থে লিখিত বিষয়গুলির কোনটীর অন্য কোনটীর সহিত সম্বন্ধ নাই, আমার মনে যখন যে ভাবের উদয় হইয়াছে তখন তাহাই লিপিবদ্ধ করিয়াছি, তবে বিষয়গুলি দেবদেবী অবলম্বনেই লিখিত। বর্ত্তমান সময়ে দেবদেবীর কেহই ধার ধারে না, দেব-দেবীর স্থল বিজ্ঞান অধিকার করিয়াছে। এ যুগে দেবদেবীর পুস্তক রচনা বাতুলতা জানিয়াও, মনের আবেগে রচনা করিয়াছি। আমার মত সংসারদাবানলদগ্ধ কেহ পুস্তক পড়িতে পারেন, বলিয়াই প্রকাশ করা হইল। এই পুস্তক প্রকাশে যে অর্থব্যয় হইয়াছে, তাহা অজ্ঞাতকুলশীল রাজকর্ম্মচারী প্রচ্ছন্ন-দেবদেবী-ভক্তের অনুগ্রহে। আমার মনে হয় এই পুস্তক প্রকাশে বার্দ্ধক্যের

জন্য যে সম্মান ও শ্রদ্ধালাভ করিয়াছিলাম তাহাও হারাইব। আমার জনসাধারণের প্রতি কৃতাঞ্জলিপুটে প্রার্থনা, তাঁহারা যেন আমার প্রলাপ অনিচ্ছাতেও একবার পাঠ করেন। কোন না কোন কারণে এ সংসারে সকলেই বাহিরে প্রফুল্লতা দেখাইলেও অন্তরে অত্যন্ত দুঃখভোগ করিতেছেন। ইহা তাঁহাদের কথঞ্চিৎ সান্ত্বনা দিবে। আমি এই সংসারে নানারূপ দুঃখভোগ করিয়া দেবদেবীর আশ্রয় গ্রহণ করিয়াছি এবং তাহার প্রত্যক্ষ ফললাভ করিয়াছি। সকলেই আমার মত নগণ্য ব্যক্তিকে শ্রদ্ধা ও ভক্তি করেন, ইহার কারণ দেবদেবীর অনুগ্রহ। আমি আত্মীয়, স্বজন ও বন্ধুবান্ধবগণকে, নাস্তিকতা ও অহমিকা ত্যাগ করিয়া কোন দেব-দেবীর পাদাশ্রয় গ্রহণে অনুরোধ করি। পিতা ও মাতা বর্ত্তমানে সুসন্তান যেরূপ নিশ্চিন্তে বাস করে, জগৎপিতা বা জগন্মাতার আশ্রয় লইলেও সেইরূপ লোকে নিশ্চিন্ত হইয়া বাস, এবং ইহকালে ও পরকালে শান্তিলাভ করিতে পারে।

আমি শ্যামামার আরাধনা করি, সুতরাং আমার গ্রন্থে মায়ের কথাই অধিক, ইহাতে অন্য দেবোপাসকগণ রুষ্ট বা ক্ষুণ্ণ হইয়া পুস্তক পাঠে বিরত হইবেন না। আমি মার উপাসনা করিয়া যে যে ভাবে উদ্বুদ্ধ হইয়াছি তাহাই লিখিয়াছি এবং এইরূপ নিজ নিজ অভীষ্ট দেবের পদাশ্রয় গ্রহণ করিয়াও শান্তি পাইবেন। সকলের অভীষ্ট দেব একজন, উপাসকের গুণানুসারে উপাসনার জন্য একজনই ভিন্ন ভিন্ন রূপ ধারণ করিয়াছেন। পঞ্চোপাসকের তজ্জন্যই উপাসনা প্রণালীর ভেদ হইয়াছে। পঞ্চোপাসকেরা নিজ নিজ সম্প্রদায়ের মধ্যে বহুধা ভেদ স্থাপন করিয়াছেন এবং তাঁহারা প্রকৃত উপাসনা না করিয়া নিজ নিজ সম্প্রদায়ের বৈশিষ্ট্য দেখাইতে

ব্যস্ত থাকেন ; এবং মূল উদ্দেশ্য ভ্রষ্ট হন। ইহাতে দেশের অনৈক্য বৃদ্ধিপ্রাপ্ত হয় এবং অনৈক্যের জন্য আমরা দুর্ব্বল হই। আমরা ক্রমশঃ বাহ্যিক বিষয়ে মনোযোগ দিই এবং মূলতত্ত্ব বিস্মৃত হই। আমাদের লক্ষ্যে দৃষ্টি রাখিয়া সকল সম্প্রদায়ের সদ্ভাব গ্রহণ করিবার জন্য যত্ন ও চেষ্টা করা কর্ত্তব্য। আধুনিক মঠধারীরা নিজ মতই নির্ভুল মনে করিয়া নিজ মত স্থাপনে ও পরমতের নিন্দাতেই কাল অতিবাহিত করেন এবং লক্ষ্যভ্রষ্ট হইয়া নিজের ও দেশের অমঙ্গল বিধান করেন। আমি কৃতাঞ্জলিপুটে সকল মঠধারীর নিকট প্রার্থনা করি তাঁহারা মক্ষিকা বৃত্তি ত্যাগ করিয়া মধুমক্ষিকার বৃত্তি গ্রহণ করুণ, এবং আত্মপ্রচার না করিয়া পরমাত্মার পরম তত্ত্ব অকপট চিত্তে ও অহঙ্কার শূন্য হইয়া প্রচারে ব্রতী হউন।

আমি সপ্তাশীতি বর্ষীয় বৃদ্ধ ও বিদ্যাবুদ্ধি বিহীন। আমাকে এই পুস্তক মুদ্রণে সমস্ত কার্য্যই করিতে হইয়াছে, কারণ সংস্কৃতজ্ঞ লোক অতি বিরল। আমি মুদ্রণ কার্য্যে কাহারও সাহায্য পাই নাই। একে আমি অল্পবিদ্য বলিয়া রচনায় অনেক ত্রুটী রহিয়াছে তদুপরি বার্দ্ধক্যের জন্য ত্রুটী আমার চোখে পড়ে নাই বলিয়া পুস্তকে বহু ভ্রম প্রমাদ হইয়াছে। গুণগ্রাহিগণ আমার অবস্থা বিবেচনা করিয়া আমার দোষত্রুটী ক্ষমা করিবেন।

সংস্কৃতজ্ঞ না হইয়া মুদ্রকেরা মুদ্রণে অত্যন্ত যত্ন ও পরিশ্রম করিয়াছেন, আমি তাহাদের নিকট অত্যন্ত কৃতজ্ঞ। আমি তাহাদিগকে আন্তরিক কৃতজ্ঞতা জ্ঞাপন করিতেছি।

ওঁ শান্তিঃ ওঁ শান্তি ওঁ শান্তি।

উৎসর্গ পত্রম্

নাহং বিদ্বান্ ন শাস্ত্রজ্ঞো ন বা কবিঃ। ব্যসনেনাবকাশ-যাপনাৎ ছন্দোঽলঙ্কারগুণরহিতমশেষদোষযুতং ভগবদ্গুণবর্ণনং শ্রেয় ইতিমত্বাবকাশবিনোদায় দেবদেবী স্তবাঃ প্রলাপবিমাপাশ্চ বিরচিতাঃ। কতীনাং হিতৈষিণাং প্ররোচনয়া তেষামেবার্থৈঃ প্রকাশ্যন্তে, নতু পাণ্ডিত্যখ্যাপনায় ধনার্জ্জনায় বা। গুণগ্রাহিভি-র্দোষান্ বিহায় গুণা গৃহ্যন্তে ইতি মম দুঃসাহস্য মূলম্। দেবী স্তব ফলং স্বর্গতয়োঃ স্নেহময়পিত্রোঃ শ্যামাপ্রীত্যর্থং দেবস্তবফলং স্বর্গতয়ো-রধ্যাপকয়ো বিষ্ণুপ্রীত্যর্থং প্রলাপবিলাপফলং চ শুভাকাঙ্ক্ষিণামর্থদানেন মুদ্রনকার্য্যনির্ব্বাহক্যানাং স্বেষ্টদেবপ্রীত্যর্থং সাদরং সানন্দংচোৎ-সৃষ্টানি। মুদ্রনকার্য্যে প্রধানোৎসাহদাতাজ্ঞাতকুলশীলো বৈদেশিকো গৃহস্থসন্ন্যাসী নিষ্কামো মহোদারো রাজকর্মচারী শ্রীমৎ কার্ত্তিকচন্দ্র বসাক মহাদয়োঽগ্রণীঃ। তস্যৈবচেষ্টয়া যত্নেনার্থসংগ্রহৈশ্চ স্তবাদয়ঃ প্রকাশিতাঃ, তস্মৈ আন্তরিক শীর্ব্বাঃ প্রদীয়ন্তে। তস্য সৎকর্ম্মসু চিত্তবৃত্তেঃ ক্রমোন্নতির্দৈবেম্বহৈতুকী ভক্তির্দীর্ঘজীবনং চ ভগবৎসমীপে প্রার্থ্যন্তে। মজ্জন্মভূমিবাচামারীনিবাসিনো ভিষগ্বরস্য মধ্যনিমিত্তস্নেহশীলস্য মদুন্নত্যৈ সততং চেষ্টমানস্য ভক্তবরস্য স্বর্গতস্য ভগবচ্চরণসেনমহোদয়স্য রাধাকৃষ্ণ প্রীতর্থং হরগৌরী-রাধাগোবিন্দ স্তোত্রফলমুৎসৃষ্টম্। তস্যপুত্রায় সোদরকল্পায় মদ্ধিত-কাঙ্ক্ষিণে শ্রীমদ্ব্রজগোপাল সেনায় শ্রীকৃষ্ণচৈতন্যস্তোত্রফলংসহর্ষমুৎ-সৃষ্টমলমতিবিস্তরেণ।

ঘনানন্দ বিলাপঃ।

দ্বাত্রিংশতাবর্ণৈর্দশমহাবিদ্যা-নামাবলিঃ

শ্রীতারে কালি মাতঙ্গি ষোড়শি ভুবনেশ্বরি।
বগলে ছিন্নমস্তে শ্রীঃ শ্রীধূমাবতি ভৈরবি॥

নামবিপর্য্যয়াৎ ক্ষমা প্রার্থনা।

ছন্দোনুরোধতো মাতঃ সৌকর্য্যাৎ কীর্ত্তনস্য চ।
বিশ্রুতানাং হি নাম্নাংতে ময়া বিপর্য্যয়ঃ কৃতঃ॥
বুদ্ধিরূপেণ মাতস্ত্বং মম হৃদ্যবতিষ্ঠসে।
ত্বয়া প্রচোদিতে-নৈতদস্বাতন্ত্র্যাৎ কৃতংময়া॥
অহঙ্কারবিমূঢ়াত্মা কর্ত্তারং স্বং হি মন্যতে।
ক্ষন্তুমর্হসি তদ্দেবি নির্বোধস্য সুতস্য তে॥

মা আমি দ্বাত্রিংশৎ বর্ণদ্বারা দশমহাবিদ্যা নামাবলি রচনা করিয়াছি। ছন্দের অনুরোধে কীর্ত্তনের সুবিধার জন্য নামের বিপর্য্যয় ঘটিয়াছে। মা তুমি বুদ্ধিরূপে আমার হৃদয়ে সর্ব্বদাই বর্ত্তমান আছ। তোমার প্রেরণাতেই এরূপ করিয়াছি কারণ আমার স্বতন্ত্রতা নাই, আমি সর্ব্বদাই পরাধীন। অহঙ্কারে মূঢ়বুদ্ধি লোকেরা নিজকে কর্ত্তা বলে, আমি নির্ব্বোধ সুত, আমার এই অপরাধ ক্ষমা করিবেন।

২

কৃপাং কুরু কৃপাং কুরু।

বিজানন্ পাপকর্ম্মাণি করোমি হ্যবশঃ সদা।
বিজানন্ পুণ্যকর্ম্মাণি হ্যবশো ন করোম্যহং॥
কার্য্যেঽহং সকলং মাত স্ত্বয়ৈব বুদ্ধিরূপয়া।
স্বাতন্ত্র্যং নাস্তি মে কিঞ্চিৎ পরতন্ত্রঃ সদৈব হি॥
ত্বয়া প্রণোদিতাৎ কার্য্যাৎ ভুঞ্জেঽহং যমযাতনাম্।
ক্রীড়য়সি জীবান্ সর্ব্বান্ ক্রীড়া-পুত্তলিকা ইব॥
সুতানাং যাতনাং দৃষ্ট্বা কথং দুঃখং ন জায়তে।
সদানন্দময়ী ত্বং হি ন দুঃখং জ্ঞায়তে ত্বয়া॥
ক্রীড়া যা সবিধে মাতুঃ পীড়ৈব সা পরস্যচ।
ক্লান্তোঽহং ক্রীড়য়া মাত র্বিশ্রামং দেহি দেহি মে॥
কৃপাং বিনা ন বিশ্রামঃ কৃপাং কুরু কৃপাং কুরু।
কৃপাময়ীতি সংজ্ঞায়াং কলঙ্কো ভবিতা হ্যথা॥

পাপকর্ম্ম জানিয়াও অবশ হইয়া করি, পুণ্যকর্ম্ম জানিয়াও অবশ হইয়া করিনা, মা আপনি বুদ্ধিরূপে থাকিয়া যাহা করান তাহাই করি। আমার কোন স্বাধীনতা নাই, আমি সর্ব্বদাই পরাধীন। তোমা কর্ত্তৃক প্রেরিত কর্ম্ম দ্বারা সর্ব্বদাই যমযাতনা ভোগ করি। তুমি সমস্ত জীবগণকে ক্রীড়াপুত্তলিকার মত ক্রীড়া করাইতেছ, পুত্রগণের দুঃখ দেখিয়া, তোমার কি দুঃখ হয় না। তুমি সদানন্দময়ী, দুঃখ কি জাননা! তোমার নিকট যাহা ক্রীড়া, অপরের পক্ষে তাহা পীড়া। আমি ক্রীড়ায় ক্লান্ত হইয়াছি,

আমাকে বিশ্রাম প্রদান কর। তোমার কৃপা হইলেই বিশ্রাম লাভ করিব। অতএব এ দীনে কৃপা কর, কৃপা কর। কৃপা না করিলে তোমার কৃপাময়ী নামে কলঙ্ক হইবে।

৩

জীবাত্ম পরমাত্ম স্বরূপ

শিবঃ শবস্বরূপেণ জীবাত্মা সন্ হৃদিস্থিতঃ।
পরমাত্ম-স্বরূপেণ কালী তস্য হৃদিস্থিতা॥
ষড়্ রিপব স্তমাত্মানং প্রলোভ্য বিষয়ৈ র্বিষৈঃ।
নিমজ্জয়ন্তি সংসারে চিরদুঃখময়ে সদা॥
নৃত্যন্তী কালিকা নিত্যং শবশিব হৃদিস্থিতা
পীড়য়তি পদাঘাতৈ র্বলাৎ প্রবোধনায় চ
প্রবুদ্ধো যো ভ্রমং ত্যক্ত্বা মাতরং হি নিষেবতে
রিপূন্ সর্ব্বান্ পরাজিত্য স যাতি পরমাং গতিম্

আমাদের দেহে জীবাত্মা ও পরমাত্মা উভয়েই অবস্থিত। শবরূপী শিব জীবাত্মা এবং দেবী কালী পরমাত্মরূপে শিবের হৃদয়ে দণ্ডায়মানা। ছয়টী রিপু জীবাত্মাকে বিষয় বিষের দ্বারা প্রলোভিত করিয়া চিরদুঃখময় সংসারে নিমগ্ন করিতেছে। মা তাহা দেখিয়া শিব হৃদয়ে নৃত্য করিয়া জীবাত্মাকে জাগাইবার চেষ্টা করে। যে জীবাত্মা কালিকার পাদাঘাতে জাগরিত হয় ও মাতার সেবায় আত্মাকে নিয়োগ করে. সে সহজেই রিপুগণকে পরাজিত করিয়া পরম পদ প্রাপ্ত হয়।

৪

বার্দ্ধক্যে প্রার্থনা

শরীরং দুর্ব্বলং মাত র্বার্দ্ধক্যাদ্ রোগতস্তথা।
ইন্দ্রিয়ানি চ সর্ব্বানি বিকলানি দিনে দিনে॥
বিবিধা রোগশোকাশ্চ আক্রামন্তি মুহুর্মুহুঃ।
ন দুঃখং জায়তে তস্মান্ নবা ক্ষোভঃ কদাচন॥
রোগাঃ শোকাশ্চ মৃত্যুশ্চ জায়ন্তে জন্মনা সহ
তন্নামোচ্চারণে ক্লান্তির্ভ্রান্তিশ্চ মূর্ত্তিচিন্তনে
নিতরাং ব্যথেতে মাত রামৃত্যু স্মৃতিরস্তু মে
তীর্থে মৃত্যুর্নযাচেঽহং ন বাতে মূর্ত্তিসন্নিধৌ
ন জায়তে দুরাশা সা আজন্ম পাপিনো মম
নিঃসরতু মুখান্ মৃত্যৌ সকৃৎ কাল্যক্ষর দ্বয়ং

বার্দ্ধক্যে ও রোগে শরীর দুর্ব্বল এবং ইন্দ্রিয়সকল দিনে দিনে বিকল হইয়াছে মুহুর্মুহুঃ বিবিধ রোগ এবং শোক আক্রমণ করিতেছে। ইহাতে আমার দুঃখ ও ক্ষোভ নাই, জন্মের সঙ্গে সঙ্গেই রোগ, শোক, মৃত্যু আসিয়া থাকে। কিন্তু মা তোমার নামোচ্চারণে ক্লান্তি এবং মূর্ত্তি চিন্তনে ভ্রান্তি আমাকে নিয়ত পীড়া দিতেছে। মা! আমি আজন্ম পাপী, তোমার মূর্ত্তির নিকটে বা তীর্থে মৃত্যু প্রার্থনা করিনা, সেরূপ দুরাশা আমার নাই। এইমাত্র আমার প্রার্থনা যে মৃত্যুকালে একবার কালীনাম আমার মুখ হইতে যেন নির্গত হয়।

৫

অনন্যচিন্তা ভগবৎপ্রাপ্তিহেতুঃ

দাস্যেন সখ্যেন সুতস্য প্রীত্যা মাধুর্য্যতো নন্দসুতং হি ভক্ত্যা।
শান্তেন কৃষ্ণং তনুবাঙ্‌মনোভিঃ স্মরন্নভীক্ষ্ণং লভতে বিমুক্তিম্॥
দাস্যৈর্ধ্রুবাদ্যাঃ শিশবশ্চ সখ্যৈ র্মাধুর্য্যতো গোপসুতাশ্চ মুক্তিম্।
বাৎসল্যতো বৈ জননী যশোদা শান্তেন ভক্ত্যা বহুশোঽলভন্ত
কংসাদিদৈত্যা রসমন্তরেণ বৈরেণ প্রাপ্তাঃ সততং দ্বিষন্তঃ।
পদ্মাক্ষকৃষ্ণং জগদেকহেতুং অনন্যচিন্তা হরিপ্রাপ্তিহেতুঃ॥
স্পর্শাদ্ যথাগ্নেঃ সকলং হিদ্রব্যম্ রম্যং হ্যরম্যং চ মলং বিহায়।
সারূপ্য মগ্নে রভসা প্রয়াতি দগ্ধং কদা রোহতি নৈব ভূয়ঃ॥
তথা সুদৃষ্ট্যাশুভদৃষ্টিতো বা হরে র্মনুষ্যা স্তমো বিহায়
সারূপ্য মীশস্য খলুপ্রপন্নাঃ প্রয়ান্তি সদ্যো হ্যপনুর্ভবত্বম্॥

বৈষ্ণবগ্রন্থে ৫টী রসের উল্লেখ দেখা যায়। দাস্য, সখ্য, মাধূর্য্য, বাৎসল্য ও শান্ত। যে কোন রসের আশ্রয় করিয়া অনন্য-চিন্ত হইয়া হরিকে চিন্তা করিলে মুক্তি লাভ হয়। ধ্রুব, প্রহ্লাদ, গোপ শিশুগণ, গোপীগণ, যশোদা এবং নারদঋষি ইহার প্রকৃষ্ট দৃষ্টান্ত। কিন্তু দেখা যায় কোন রস আশ্রয় না করিয়াও শত্রুভাবে সর্ব্বদা হরিকে চিন্তা করিলে কংসের মত হরিপদ লাভ হয়। ইহার দৃষ্টান্ত এই যে অগ্নি রম্য ও অরম্য উভয়কেই দগ্ধ করে এবং দহন-কালে উভয়ই অগ্নির সারূপ্য প্রাপ্ত হয় এবং যাহাকে স্পর্শ করে সে আর অঙ্কুরিত হয় না, সেইরূপ প্রীতিপূর্ব্বক অথবা দ্বেষ পূর্ব্বক নিয়ত হরিকে চিন্তা করিলে মুক্তিলাভ হয় এবং পুনর্জন্ম নিবারিত হয়।

৬

অনন্যশরণতৈব মাতুর্লাভে সাধনম্

কালিকা পাদযুগ্মং হি ব্রহ্ম বিষ্ণু মহেশ্বরাঃ।
ইন্দ্রাদ্যাঃ সকলাদেবাঃ কাময়ন্তে সদৈব হি॥
অসংখ্যেষ্বপিদেবেষু এক এব মহেশ্বরঃ।
নিষ্কামঃ প্রাপ তৎকাম্যং নান্যদেবঃ কদাচন॥
প্রেপ্সা তৎপাদয়োর্মাত র্মহাপাপবতো মম
রাজ্যেপ্সেব দরিদ্রানাং ভিক্ষয়াজীবিকার্জ্জিনাম্
সুরাসুর নরাণাঞ্চ গন্ধর্ব্ব যক্ষরক্ষসাম্
অনন্যশরণো ভূত্বা যঃ পাদাব্জং নিষেবতে
যস্য বা সংশয়ঃ সর্ব্বঃ সমূলং চ দূরংগতঃ
শিশুরিব জনন্যাং চ শ্যামায়াং পূর্ণনির্ভরঃ
বালো বা যদি বা বৃদ্ধঃ স্ত্রিয়ো বা চান্ত্যজাস্তথা
কৃপয়া চ কৃপামযা্যা লভন্তে চরণং ধ্রুবম্

ব্রহ্মা বিষ্ণু মহেশ্বর ইন্দ্রাদি সকল দেবতা সর্ব্বদা কালিকার পাদযুগল কামনা করে। অসংখ্য দেবগণের মধ্যে নিষ্কাম মহেশ্বর পাদযুগ লাভ করিয়াছে। অন্য কেহই লাভ করে নাই! আমি মহাপাপী পাদপদ্মলাভের ইচ্ছা, ভিক্ষা দ্বারা জীবিকার্জ্জকের রাজ্য-লাভের ইচ্ছার মত অসম্ভব। কিন্তু সুরাসুর নরগণের মধ্যে যে অনন্যশরণ হইয়া পাদপদ্মের কামনা করে এবং যাহার চিত্ত হইতে সংশয় সমূলে দূরীভূত হইয়াছে এবং শ্যামামার প্রতি, শিশুর জননীর

মত্ত, পূর্ণ নির্ভরতা জন্মিয়াছে, সে বালক, বৃদ্ধ, রমণী বা অন্ত্যজ হইলেও কৃপাময়ীর কৃপায় নিশ্চয়ই পাদপদ্ম লাভ করে।

৭

দানযজ্ঞাদিকম্ মাতুর্লাভেন সাধনম্

অনন্যচিন্তয়া ত্বং হি লভ্যা মাত র্মহীতলে
হেলয়া শ্রদ্ধয়া বাপি শ্রূয়তে শাস্ত্রগ্রন্থতঃ
নাস্তি হেলা ন বা শ্রদ্ধা বয়ং তুহ্যধমাধমাঃ
পূর্ণাৎ পূর্ণতরা ত্বং হি পূর্ণতমা পরাৎপরা
দানং পূজা ক্রতুর্যজ্ঞ স্তপোধ্যয়ন মেবচ
নালং ত্বৎপ্রাপ্তয়ে মাতঃ সাধনং বা কদাচন
অর্চ্চন্তি যাং সদা ভক্ত্যা ব্রহ্ম-বিষ্ণু-মহেশ্বরাঃ
যল্লাভায় মহাদেব স্তপস্যতি সদৈব হি
ব্রহ্মা প্রজাপতিঃ শ্রুতীরধীতে চ নিরন্তরং
নারায়ণো জগৎপাতা পালয়তি জগৎত্রয়ং
কৃপাং বিনা মহামায়ে নান্যশরণতা ভবেৎ
অনন্যশরণত্বে তু নাপেক্ষন্তে গুণাগুণাঃ
কৃপয়া বাল শূদ্রাশ্চ অন্ত্যজললনাহ্যপি
লব্ধবন্তঃ পদং মাতুঃ কৃপাহি কেবলম্ বলম্

হেলায় বা শ্রদ্ধায় অনন্যচিন্ত হইতে পারিলেই মাকে পাওয়া যায় ইহা শাস্ত্রের উক্তি। আমার হেলা নাই, শ্রদ্ধাও নাই। আমি অধম হইতে অধম, মা তুমি পূর্ণ হইতে পূর্ণতর, তুমি পূর্ণতম এবং

পরব্রহ্ম হইতেও শ্রেষ্ঠ। দান, পূজা. ক্ষুদ্রযজ্ঞ, বৃহদ্‌যজ্ঞ তপস্যা বা অধ্যয়ন তোমার প্রাপ্তির কারণ নহে। কেননা ব্রহ্ম বিষ্ণু মহেশ্বরের মধ্যে মহাদেব তপস্যায় রত, ব্রহ্মা সর্ব্বদাই বেদাধ্যয়ন করেন এবং বিষ্ণু ত্রিভুবন পালন করেন এখনও তাঁহারা লাভ করিতে সমর্থ হন নাই। মা কৃপা ব্যতীত অনন্যশরণ হওয়া যায় না। কৃপায় গুণাগুণ অপেক্ষা করে না। কৃপালাভ হইলে বালক, শূদ্র, এমন কি অন্ত্যজ পুরুষ ও রমণী তোমার পাদপদ্ম লাভ করে অতএব কৃপাই একমাত্র প্রাপ্তির সাধন।

৮

কো বিস্ময় ইতোঽধিকঃ

যস্যাং দেহে প্রবিষ্টায়াং জায়ন্তে খলুজন্তবঃ।
যস্যাং দেহে স্থিতায়াঞ্চ জীবন্তি ননু জন্তবঃ॥
যস্যাং দেহাৎ প্রস্থিতায়াং ম্রিয়ন্তে বত জন্তবঃ।
নানুসন্দধতে তাংহি কো বিস্ময় ইতোঽধিকঃ॥
যয়া হি পাল্যতে সর্ব্বং যয়াহি সৃজ্যতে জগৎ।
সংহ্রিয়তে যয়া সর্ব্বং বিপদ্ভ্য স্ত্রায়তে সদা॥
সৃষ্টিঃ স্থিতিঃ প্রলয়শ্চ যস্যাঃ কটাক্ষ মাত্রতঃ।
নানুসন্দধতে তাং হি কো বিস্ময় ইতোঽধিকঃ॥
সমীপতমহৃদ্দেশে যা চ তিষ্ঠতি সর্ব্বদা।
অবস্থানাদ্ধৃষীকাণি কর্ম্মবন্তি ভবন্তি চ॥
যাং লব্ধ্বা চাপরং লাভং মন্যতে নাধিকংততঃ।
নানুসন্দধতে তাং হি কো বিস্ময় ইতোঽধিকঃ॥

যস্যাং লাভে বিনা ভক্তিং প্রীতিং চৈব রতিং তথা ।
ধনেন দুঃখলব্ধেন তপসাধ্যয়নেন চ ॥
নাস্তি প্রয়োজনং কিঞ্চিৎ ত্রিবিধেন ক্লেশেনচ ।
নানুসন্দধতে তাং হি কো বিস্ময় ইতোঽধিকঃ ॥
ভক্ত্যা দত্তৈঃ ফলৈঃ পুষ্পৈঃ পত্রৈরস্তি রবাপ্যতে ।
নাম সংকীর্ত্তনেনৈব লভ্যতে হ্যবলীলয়া ॥
সৎকথা সৎপ্রসঙ্গশ্চ যস্যাঃ প্রাপ্তৌ হি সাধনম্ ।
নানুসন্দধতে তাং হি কো বিস্ময় ইতোঽধিকঃ ॥
যা ফল্গুদায় ভক্তায় স্বর্গরাজ্যং প্রযচ্ছতি ।
নিষ্কামায় ভক্তায় চাত্মানমপি যচ্ছতি ॥
সকামায় ভক্তায় ঈপ্ সিত মপি যচ্ছতি ।
নানুসন্দধতে তাং হি কো বিস্ময় ইতোঽধিকঃ ॥

যে শ্যামা মা দেহে প্রবেশ করিলে জন্তুগণ জন্মগ্রহণ করে, যাঁহার দেহে বর্ত্তমানতায় জন্তুগণ বাঁচিয়া থাকে ও যাঁহার দেহ হইতে প্রস্থানে জন্তুগণ মৃত্যুমুখে পতিত হয় তাঁহাকে কেহ অনুসন্ধান করেনা ইহা অতীব বিস্ময়ের বিষয় ।

যিনি জগতের সৃষ্টিস্থিতি প্রলয়েরকর্ত্রী । যিনি বিপত্ত্রানকর্ত্রী যাঁহার কটাক্ষ মাত্রেই সৃষ্টি স্থিতি ও প্রলয় হয়, তাঁহাকে কেহ অনুসন্ধান করেনা ইহা হইতে অধিক বিস্ময়ের কি আছে। যিনি সর্ব্বদাই হৃদয়ে বর্তমান, যাঁহার অবস্থানে ইন্দ্রিয় সকল নিজ নিজ কার্য্য করে যাঁহাকে লাভ করিলে আর কিছু পাওয়ার থাকেনা তাঁহাকে কেহ অনুসন্ধান করেনা ইহা হইতে অধিক বিস্ময়ের কি

আছে। যাঁহাকে লাভ করিতে ভক্তি প্রীতি ও রতি ব্যতীত দুঃখলব্ধ ধন, তপস্যা, অধ্যয়ন এবং ত্রিবিধ ক্লেশের প্রয়োজন হয়না, তাঁহাকে কেহ অনুসন্ধান করেনা ইহা হইতে অধিক বিস্ময়ের কি আছে। ভক্তি প্রদত্ত ফল পুষ্প পত্র ও উদক দ্বারা এবং নাম কীর্তন দ্বারা অনায়াসে যাঁহাকে পাওয়া যায় সৎকথা ও সৎসঙ্গ যাঁহার প্রাপ্তির সাধন তাঁহাকে কেহ অনুসন্ধান করেনা ইহা হইতে বিস্ময়ের কি আছে। যাঁহাকে একান্ত ভক্তিপূর্ব্বক তুচ্ছ দ্রব্য দিলে যিনি স্বর্গরাজ্য দান করেন যিনি নিষ্কাম ভক্তকে নিজ আত্মাই দান করেন, যিনি সকাম ভক্তকে প্রার্থিত দ্রব্য দান করেন তাঁহাকে কেহ অনুসন্ধান করেনা ইহা হইতে অধিক বিস্ময়ের কি আছে।

৯

শ্যামারূপম্

শ্যামা মাতা ত্রিনেত্রা জলধররুচিরা বালচন্দ্রাবতংশা
দিগ্ বস্ত্রা মুক্তকেশী নরকররসনা ছিন্নমুণ্ডালি মালা।
দোর্ভিবেদৈর্দধানা বরমভয়মসিং ছিন্নমুণ্ডং করালম্
শম্ভোর্বক্ষোধিরূঢা প্রকটিতদশনা রাজতাং হৃৎপ্রদেশে॥
তন্বঙ্গাক্ষীণমধ্যা কুচভরবিনতা পক্কবিম্বাধরোষ্ঠী
স্মেরাস্যা লোলজিহ্বা হরিহরবিধিভিঃ পূজিতাঙ্ঘ্র্যব্জযুগ্মা।
ইন্দ্রাদ্যৈ র্দেবসঙ্ঘৈঃ সততনতিপরৈঃ স্তূয়মানা সমস্তাৎ
স্রষ্ট্রীপাত্রীনিহন্ত্রী ত্রিভুবনজননী রাজতাং হৃৎপ্রদেশে॥
ভক্তানাং দয়তে নিহন্তিচরিপূন্ দ্বেষ্টিহ্যভক্তান্ সদা
ভক্তাস্তাং করুণাময়ীং চ রিপবঃ পশ্যন্তিভীতিপ্রদাম্।

সন্দিগ্ধাশ্চজনাঃ দ্বিষন্তিসততং নিন্দন্তিমূর্ত্তিং হি তে
মূর্ত্তিং তে হি জনা বিভিন্নরুচয়ঃ পশ্যন্তি ভিন্নাং মুহুঃ ॥
সুপীতবস্ত্রাভরণৈরণেকৈঃ ময়ূরপিচ্ছৈ র্বনজাতপুষ্পৈঃ।
বংশীবিরাবৈস্তিলকৈঃসুদৃশ্যৈঃ কৃষ্ণো মনোজ্ঞোজনচিত্তমোহী॥
শ্যামা বিবস্ত্রানিরলঙ্কৃতিশ্চ রক্তৈর্বিলিপ্তা চ নরাঙ্গভূষা।
ধৃতারিমুণ্ডানিশিতাসিহস্তা সুশ্রীতমা সর্ব্বমনোভিরামা ॥
মনোরমা সা সমুপেক্ষতেযা নাহার্য্যশোভাং ননুবৈ কদাচিৎ।
হেমৈশ্চ দ্রব্যৈঃ সমলঙ্কৃতাপি মনোরমা রূপবতাং বরিষ্ঠা ॥
কান্ত্যা হি যস্যাঃ শবমুণ্ডহস্তং বিজিত্য রত্নানি বিশোভতেঽঙ্গে।
রত্নানি সম্যঙ মলিনী ভবন্তি সা কালিকা রূপবতাং বরিষ্ঠা॥

শ্যামা মা ত্রিনয়নী নবমেঘবর্ণা কটীদেশ নরহস্তে অলঙ্কৃত ভালদেশ চন্দ্রকলায় সুশোভিত বসনরহিত মুক্তকেশী চতুর্ভুজা এবং হস্তচতুষ্টয়ে বর অভয় তীক্ষ্ণ খড়্গ ধারণ করিয়াছেন, শম্ভুর বক্ষে দণ্ডায়মান আছেন এবং দন্ত বিকসিত করিয়াছেন সেই শ্যামা মা আমারহৃদ্দেশে অবস্থান করুন। যিনি অতি সুন্দরী যাঁহার কটী ক্ষীণ যিনি স্তনভরে নত যাঁহার ওষ্ঠদ্বয় পক্কবিম্বফলসদৃশ, যাঁহার সর্ব্বদাই প্রসন্নমুখ যিনি লোলজিহ্বা শিব, বিষ্ণু ও ব্রহ্মা যাঁহার পাদপদ্ম অর্চ্চনা করে এবং ইন্দ্রাদি দেবগণ অবনতমস্তকে চতুর্দ্দিকে স্তব করে সেই শ্যামা মা আমার হৃদ্দেশে অবস্থান করুন। যিনি সৃষ্টি স্থিতি প্রলয় করেন এবং ত্রিভুবনের জননী যিনি ভক্তকে দয়া করেন শত্রুকে হত্যা করেন এবং অভক্তকে দ্বেষ করেন ভক্তেরা যাঁহাকে করুণাময়ী বলেন শত্রুরা ভয়ঙ্করী বলেন এবং সন্দিগ্ধচিত্ত

লোকেরা দ্বেষ করেন ও মূর্ত্তির নিন্দা করেন সুতরাং রুচিভেদে লোকেরা ভিন্ন ভিন্ন দেখেন তিনি হৃদ্দেশে বিরাজ করুন।

শ্রীকৃষ্ণ পীতবস্ত্র পরিধান করেন নানা রত্নালঙ্কারে সুসজ্জিত হন মস্তকে ময়ুরপিচ্ছ ধারণ করেন বনমালা দ্বারা শোভিত হন, সুমিষ্ট বংশীরব করেন ও সুদৃশ্য তিলক দ্বারা সুশোভিত হন সুতরাং তিনি মনোজ্ঞ ও লোকের চিত্তাকর্ষক।

শ্যামা মা বিবসনা অলঙ্কারহীনা দৈত্যরক্তে বিলিপ্তা নরাবয়বে অলঙ্কৃত। হস্তে শত্রুমুণ্ড ও তীক্ষ্ণখড়্গ ধারণ করিলেও তিনি ভুবনে অতীব সুন্দরী ও ভক্ত মনোমোহিনী।

তিনিই প্রকৃত সুন্দর যিনি আহার্য্য বস্তুদ্বারা সুশোভিত হননা এবং হেয়বস্তু দ্বারা অলঙ্কৃতা হইয়াও সুশ্রী হন। তিনিই সুশ্রীতমা। যাঁহার অঙ্গকান্তিতে শবমুণ্ডহস্তাদিও রত্নের শোভাকে মলিন করে ও হেয় পদার্থই রত্নাধিক উজ্জ্বল হয় তিনিই জগতে সর্ব্বশ্রেষ্ঠ সুন্দরী।

১০

সৃষ্টিবৈচিত্র্যম্

১। প্রাগ্ বিশ্বসৃষ্টের্নিখিলং হি বিশ্বম্
আসীদ্বিলীনং জঠরে ত্বদীয়ে।
সৃষ্টেঃ পরং তদ্ ভবতীহ দৃশ্যম্
লয়ে পুলস্তৎ ত্বয়ি লীয়তে চ॥

২। একা ত্বমেবাসি নহি দ্বিতীয়া
ব্রহ্মাবিযুক্তা জগতাং নিয়ন্ত্রী।
ব্রহ্মাচ্যুতং ক্রীড়নকং ত্বদীয়ম্
ক্রীড়া হি মাত র্ন হি চিন্তনীয়া।

মায়াবল্যাদ্ ব্রহ্মবিহঙ্গ একঃ
মুক্তোঽপি মায়াকৃত পঞ্জরেষু
বদ্ধো হ্যনেকৈঃ প্রবিভাতি রূপৈঃ
সুখং চ দুঃখং নিয়তং হি ভুংক্তে ॥

মা সৃষ্টির পূর্ব্বে নিখিল বিশ্ব তোমার জঠরে বিলীন ছিল, সৃষ্টির পর বিশ্ব দৃশ্য হয়। পুনরায় বিলয়ে তোমাতেই লীন হয়। মা অদ্বিতীয়া তুমি ব্রহ্মের সহিত নিয়তযুক্ত থাকিয়া বিশ্বের নিয়ন্ত্রণ কর। অচ্যুত ব্রহ্ম তোমার ক্রীড়ণক। মা তোমার ক্রীড়া অচিন্ত্য। মা তোমার মায়া বলে একমাত্র ব্রহ্ম মুক্ত হইয়াও মায়া নির্মিত পঞ্জরে বদ্ধ হইয়া অনেক রূপে প্রতিভাত হয় এবং নিয়ত সুখ ও দুঃখ ভোগ করে।

১১

অনুতাপঃ

ঈর্ষ্যাসূয়া কলুষিতমনা শ্চিন্তয়ন্নন্য মন্দম্
বিদ্যাগর্বৈঃ শ্রুতিকটুগিরা পীড়য়ন্ বন্ধুবর্গম্।
কামাল্লোভাৎ খলু শঠতয়া চার্জ্জয়ন্নর্থজাতম্
পাপং ঘোরং নিরয়জনকং সন্ততং সাধয়ামি ॥
বার্দ্ধক্যাৎ প্রাক্ নহি সমুদিতা মৃত্যুচিন্তা কদাচিৎ
বার্দ্ধক্যেঽস্মিন্ মমহি হৃদয়ে ভীষণা মৃত্যুচিন্তা।
পশ্চাত্তাপং জনয়তিতমাং যন্ত্রনাং নারকীয়াম্
পাপিষ্ঠানাং চরণশরণান্মাতু রন্যা গতির্ন ॥
মাতৃস্নেহঃ সমানঃ সুসুতকুসুতয়োর্নাস্তি ভেদঃ কদাচিৎ

ভুংক্তে দুঃখং সুখং বা সুকৃতিকুকৃতিতঃ কর্ম্মণা প্রাক্‌কৃতানাম্।
সৌখ্যাদ্দুঃখং বরংবৈ চরণকমলয়ো র্জায়তে সংস্মৃতিস্তে
মাত র্মাতঃ কুতস্ত্বংকুরুকুরুকরুণাং বাক্য মেতদ্বদেচ্চ ॥
কালীবর্ণদ্বয়ং বৈ জনমুখবিবরাৎ মৃত্যুকালে কদাচিৎ
নির্গচ্ছেদ্ দ্রাক্ সকৃচ্চেদ্ যমকদনভয়ং যাতি নাশং চিরায়।
নাস্ত্যন্যৎ প্রার্থনীয়ং বদতুমমবদনং নাম কাল্যাশ্চ মৃত্যৌ
ত্যবৎ পাপংহিলোকো জগতি ন কুরুতে ক্ষীয়তে নৈব নাম্না ॥

ঈর্ষ্যা ও অসূয়া কলুষিত হইয়া সর্ব্বদা অন্যের অনিষ্ট চিন্তা করিয়াছি, বিদ্যাগর্ব্বে শ্রুতিকটু কথা বলিয়া বন্ধুবর্গকে পীড়া দিয়াছি, কাম ও লোভবশতঃ শঠতা করিয়া অর্থার্জ্জন করয়াছি, ইহাতে আমি নরকে যাওয়ার যোগ্য ঘোর পাপ করিয়াছি। বার্দ্ধক্যের পূর্ব্বে কখনও মৃত্যু চিন্তা উপস্থিত হয় নাই. বর্তমানে ভীষণ মৃত্যু চিন্তা হৃদয়ে উপস্থিত হইয়া অনুতাপ রূপ নরক যন্ত্রনা ভোগ করিতেছি। পাপিষ্ঠের মাতৃচরণশরণ ভিন্ন অন্য গতি নাই। সুপুত্রে বা কুপুত্রের প্রতি মাতৃস্নেহ সমান, জীব নিজ সুকর্ম বা কুকর্ম্মানুসারে সুখ ও দুঃখ ভোগ করে। আমি মনে করি সুখ হইতে দুঃখই ভাল কারণ দুঃখে মাতৃ চরণের স্মরণেচ্ছা উদিত হয় এবং দুঃখে “মা, কোথায় আছে? আমাকে করুণা করিয়া দুঃখ দূর কর” এইরূপ বাক্য মুখবিবর হইতে আপনি নির্গত হয়। কালী এই বর্ণদ্বয় মৃত্যুকালে যদি লোকের মুখবিবর হইতে একবার হঠাৎ নির্গত হয়, তবে তাহার যম যন্ত্রণা চিরতরে দূরে যায়। মা আমি মহাপাপী তোমার চরণে আমার অন্য কোন প্রার্থনীয় নাই কেবল

মাত্র এই প্রার্থনা যে আমার মুখবিবর হইতে মৃত্যুকালে একবার যেন কালী নাম নির্গত হয়। জগতে কালী নামে পাপনাশ হয়না এরূপ পাপ কেহই করিতে সমর্থ নহে।

১২

কালীতি বর্ণদ্বয়স্য মহিমা

কালীবর্ণযুগং বদন্তি সততং মূর্ত্তিং মনোহারিনীম্
অহ্ণ স্ত্রি র্মনসা স্মরন্ত্যনুদিনং জ্ঞানাদুতাজ্ঞানতঃ।
কিং তেষাং শ্রুতিভিঃ র্জপৈন তপসা তেনৈব মুক্তি র্ধ্রুবা
বহ্নের্বৈ কণিকা হ্যলং হি জগতো দাহায় সর্ব্বস্যচ॥

মা যে ভক্তিভরে কালীবর্ণদ্বয় সর্ব্বদাবলে বা দিনে তিনবার জ্ঞানে বা অজ্ঞানে মনোহারিনী মূর্ত্তি স্মরণ করে তাহার বেদাধ্যয়ন তপস্যা বা জপের প্রয়োজন নাই ইহাতেই তাহার মুক্তি সুনিশ্চিত। অগ্নিকণা সমস্ত বিশ্বের দাহে যেরূপ সমর্থ নাম ও স্মরণ তদ্রূপ পাপরাশি নাশ করিয়া মুক্তিদানে সমর্থ।

১৩

দীনভক্তো মাতুঃ প্রিয়ঃ।

ভক্তিহীনৈঃ প্রদত্তংহি রত্নোদ্ভাসিত ভূষণম্।
নিরাকৃত্য জবা রক্তা ভক্তদত্তাঃ সচন্দনাঃ॥
বিধৃত্য পাদয়ো মূর্দ্ধ্নি বিঘোষয়তি কালিকা।
ঋদ্ধিমদ্ভ্যো হ্যভক্তেভ্যো ভক্তাঃ প্রিয়তরা মম॥

অভক্তের প্রদত্ত রত্নালঙ্কার দূর করিয়া মা তুমি ভক্তের প্রদত্ত সচন্দন রক্তাজবা পাদপদ্মে ও মস্তকে ধারণ কর ইহাতে ইহাই মনে হয় যে অভক্ত ধনবান হইতে নির্ধন ভক্ত তোমার প্রিয়তম।

১৪

বিলাপঃ

ভক্ত্যা দত্তৈঃ ফলদলজলৈ র্লভ্যতে লীলয়া বৈ
শ্রীশ্যামায়া শ্চরণকমলং দেবদৈত্যৈশ্চ কাম্যম্।
যৎ পাদাব্জং সকলস্থখদং সর্ব্বদুঃখাপহারি
যৎ সংত্যজ্যা খিলজনগণঃ মার্গতে নিত্যদুঃখম্॥

আপাত রম্যং পরিণাম দুঃখং
ক্লেশৈ রুপার্জ্জ্যং বহুবিঘ্নযুক্তম্।
ক্ষয্যং হ্যনিত্যং ভবজন্যসৌখ্যম্
নরো বিজানন্ বিজহাতি নৈব॥

বিবেকবুদ্ধিং রভসাপহার্য্য
মায়াময়ী ত্বং রিপুভিশ্চ সর্ব্বৈঃ।
ভবাব্ধি মধ্যে সকলান্ হি জন্তূন্
নিমজ্জ্য দুঃখং প্রদদাসি নিত্যম॥

দৃষ্ট্বা স্থতাংস্ত্বং ভবাব্ধি মগ্নান্
ত্রাণায় মার্গংসহজং বিধায়।
সমুদ্ধরার্থং বিদধাসি যত্নম্
রিপুপ্রলোভাৎ নরকায় যাতি॥

বার্দ্ধক্যা-চ্ছিথিলেন্দ্রিয়ো যমভয়াদ্ রোরুদ্যমানঃ সদা
ত্বত্তোঽন্যচ্ছরণং নবীক্ষ্য ভুবনে ত্বামাশ্রয়েঽহংভিয়া।
মাতস্ত্বং কৃপয়া স্থতস্য বদনে কালীতিবর্ণদ্বয়ম্
আমৃত্যোঃ সততং যমস্যভয়দং সংস্থাপ্যতাং কালিকে॥

ক্রীড়া তে জগতঃ সৃষ্টিঃ বয়ং ক্রীড়নকাঃ সদা।
একতো রিপবঃ সর্বে হ্যন্যতঃ জননী স্বয়ং॥
পাদগোলকবন্নিত্যং পাদাঘাতেন চাহতাঃ।
আপাতরম্য সৌখ্যেন রিপুপক্ষাবলম্বিনঃ॥
প্রায়শো জন্তবঃ সর্বে, বিজেতারশ্চ শত্রবঃ।
মাতা পরাজিতা ভূত্বা সুতানাং মঙ্গলায় চ॥
প্রচার্য্য ভক্তিমার্গং হি নামশক্তিং তথৈব চ।
প্রলোভয়তি জন্তূংশ্চ তে সদা বধিরাঃ স্থিতাঃ॥

সংসার মেঘাবৃত পাদচন্দ্রঃ।
শোকাদি বাত্যাপসৃতে পয়োদে॥
উদেতি হৃৎখে গ্রসতে চ সদ্যঃ।
বলাচ্চ ধৃত্বা খলু কামরাহুঃ॥

হৃদাকাশে তমশ্ছন্নে প্রছন্না রিপবঃ স্থিতাঃ।
নবদ্বারৈ র্বিনিষ্ক্রম্য প্রলোভ্য রম্যবস্তুভিঃ॥
মুষ্ণন্তি পরমার্থং মাং মাতুস্তব পদদ্বয়ম্!
নিশিতাসিকরেকালি হত্বা রিপূন্ তমঞ্জসা॥
পাদ চন্দ্রকরৈঃ স্নিগ্ধৈ স্তমঃ সর্ব্বং বিনাশয়।
কুপুত্রং পাপিনং মাংহি রক্ষ রক্ষ কৃপাময়ি॥

স্তুবন্তি মূর্খাঃ কৃপয়া হি যস্যাঃ
চলন্তি খঞ্জাশ্চ গিরিং বিলঙ্ঘ্য
কুর্বন্তি কার্য্যং চ করৈ র্বিহীনাঃ।
কৃপাময়ীং তাং প্রণমামি কালীম্॥

জীবন্ত্যরণ্যে গহনে চ বালাঃ।
পৃষ্ঠেন কুব্জাঃ সরলা হি সন্তঃ॥
শৃণ্বন্তি সর্ব্বং শ্রবণৈ র্বিহীনাঃ।
কৃপাময়ীং তাং প্রণমামি কালীম্॥
পশ্যন্তি লোকা নয়নৈশ্চ হীনাঃ।
প্রেম্না প্রদত্তৈঃ কুসুমৈ র্হি বন্যৈঃ
দদাতি মুক্তিং কিমুতুচ্ছভুক্তিং॥
কৃপাময়ীং তাং প্রণমামি কালীম্
উপাস্য শক্তিং ননু শক্তিমান্ বৈ
নচেৎ কথং মে শিথিলেন্দ্রিয়স্য
বৃদ্ধস্য কৃত্যে যুববচ্চ শক্তি
রুদেতি নিত্যং হৃদয়ে স্বতোনু
সমাশ্রয়েঽহং চরণং হি তস্যাঃ।
ভক্ত্যা মহত্যা মরণং চ যাবৎ
শক্তিঃ সদা স্যাচ্চরণার্চ্চনায়
মতিঃ সদা স্যাচ্চরণারবিন্দে॥

পাদদ্বন্দ্বং জনন্যাঃ শতশশিকিরণং শ্যামলং নেত্রমোদি
আনন্দশ্চেন্দ্রিয়ানাং যমভয়শমনং জন্মমৃত্যু প্রণাশি।
ভক্ত্যা লভ্যং মনোজ্ঞং জলফলকুসুমৈঃ সর্ব্বদুঃখাপহারি
হাহা কষ্টং মনো নঃ সুলভপথমৃতে দুর্গমেন প্রয়াতি॥

দৃঢো হনুরাগঃ পরমা রতির্ণ
পাদার্চ্চনে তে প্রবলা মতির্বা।

কর্ত্তব্য বোধাৎ ক্রিয়তে ময়ার্চ্চনা
মতিঞ্চ প্রীতিং কৃপয়া প্রযচ্ছ ॥

শ্যামামার যে চরণদ্বয় সর্ব্বপ্রকার সুখদান করে এবং সর্ব দুঃখ হরণ করে দেবগণ ও দৈত্যগণ যাহার কামনা করে এবং যাহার শরণ না লইলে নিত্য দুঃখ ভোগ করিতে হয় তাহা ভক্তি সহকারে ফল পত্র জল দ্বারা অনায়াসে লাভ করা যায়। সংসার সুখ আপাত রম্য ও পরিণামে দুঃখজনক এবং বহুক্লেশে উপার্জ্জনীয় ও বহু বিঘ্ন সঙ্কুল, ক্ষয়শীল ও অনিত্য ইহা জানিয়াও মানব তাহা ত্যাগ করেনা। মায়াময়ী তুমি মানবের বিবেকবুদ্ধি কামাদিরিপুগণ দ্বারা অপহরণ করাইয়া সংসার সমুদ্রে নিমগ্ন করিয়া সর্ব্বদা দুঃখ দান কর। তুমিই সন্তাণগণকে ভবসাগরে নিমগ্ন দেখিয়া উদ্ধারের সহজ পথ দেখাইয়া দাও কিন্তু শত্রুগণের প্ররোচনায় তাহারা সেই পথে গমন না করিয়া নরকে পতিত হয়। বার্দ্ধক্যের জন্য আমার ইন্দ্রিয়গুলি শিথিল হইয়াছে এবং যমের ভয়ে অত্যন্ত রোদন করিতেছি। মা তুমি ব্যতীত অন্য কোন শরণ নাই জানিয়া ভয়ে তোমার শরণ গ্রহণ করিলাম। তুমি কৃপা করিয়া মৃত্যুকাল পর্য্যন্ত যমের ভয়প্রদ কালী এই বর্ণ দুইটি মুখবিবরে স্থাপন কর। মা তোমার জগৎ সৃষ্টি ক্রীড়া, আমরা তোমার ক্রীড়নক। তুমি নিয়ত একদিকে রিপুগণ ও অন্যদিকে থাকিয়া ক্রীড়নক আমাদিগকে লইয়া ক্রীড়া করিতেছ। আমরা পাদগোলকের মত নিয়ত পাদাহত হইয়াও আপাতরম্য সুখের আশায় রিপুর পক্ষই অবলম্বন করিতেছি। সুতরাং মা পরাজিত হইতেছে এবং রিপুরা জয়লাভ

করিতেছে। ইহা দেখিয়া মা সন্তানগণের মঙ্গলের জন্য ভক্তি মার্গ ও নাম শক্তি দ্বারা আমাদিগকে প্রলুব্ধ করিতেছে কিন্তু তাহার উপদেশে কর্ণপাত করিনা। সংসার রূপ ঘোর মেঘ তোমার পাদ-শশীকে আচ্ছাদিত করিয়া রাখিয়াছে। শোকে বা দুঃখে কিয়ৎক্ষণের জন্য মেঘ অপসৃত হইলে, পাদশশী ক্ষণিকের জন্য সমুদিত হয়, তৎক্ষণাৎ কামরূপী রাহু পাদশশী গ্রাস করে। অন্ধকারাচ্ছন্ন আমাদের হৃদয়ে রিপুগণ প্রচ্ছন্ন হইয়া বাস করে, তাহারা আমাদের হৃদয় দৌর্ব্বল্যের সুযোগে নব দ্বার দিয়া আসিয়া এবং রম্য বস্তু দ্বারা প্রলোভিত করিয়া আম্যদের পরমার্থ ধন পাদদ্বয়কে হরণ করিতেছে। অতএব তুমি তীক্ষ্ণ খড়্গ ধারণ করিয়া রিপু-গণকে নাশ কর এবং স্নিগ্ধ পাদচন্দ্র কিরণে সমস্ত অন্ধকার বিদূরিত কর। হে কৃপাময়ি তুমি তোমার কুপুত্রকে রক্ষা কর, রক্ষা কর। মা তোমার কৃপা লাভ করিলে মূর্খ তোমাকে স্তব করে, খঞ্জগিরি অতিক্রম করে, হস্তবিহীন কর্ম্ম করে, গহন বনে নিপতিত বালক জীবিত থাকে, কুব্জ সরল হয়, বধির শ্রবণশক্তি লাভ করে, চক্ষুঃহীন দর্শনশক্তি পায়। মা ভক্তি সহকারে প্রদত্ত বন্যপুষ্পেও অনিত্য ভোগের কথা দূরে থাকুক, মুণিঋষি দুর্লভ মুক্তি প্রদান কর। মা আমি তোমার চরণে প্রণাম করি। মায়ের পাদপদ্ম শত শত চন্দ্র কিরণে উদ্ভাসিত, শ্যামল, নেত্রতৃপ্তিকর, সর্ব্বেন্দ্রিয়ের আনন্দজনক, যমভয় নিবারক, জন্মমৃত্যু নাশক, ভক্তিপূর্ব্বক জলফল কুসুমেই লভ্য, সর্বদুঃখনাশক, কিন্তু দুঃখের বিষয় এরূপ সুলভ পথ ত্যাগ করিয়া আমাদের মন দুর্গম পথে ধাবিত হইতেছে। মা তোমার পাদপদ্মে

সুদৃঢ় অনুরাগ বা প্রীতি নাই পাদপদ্মার্চ্চনে প্রবল মতিও নাই আমি যমভয়ে অর্চ্চনা করি মাত্র, অতএব কৃপা করিয়া আমাকে সুমতি ও প্রীতি প্রদান কর।

১৫ ??

স্বষ্টানাং সর্ব্বজীবনাম্ নির্ব্বিশেষং সদৈব যা।
যোগক্ষেমং ভয়ত্রাণং কুরুতে তাং নমাম্যহম্॥
ভক্তাভক্তাবিশেষেণাভীপ্সিতং যা প্রযচ্ছতি।
সর্ব্বদা সর্ব্বজীবেভ্যস্তাং কালীং প্রণমাম্যহম্॥
যোগক্ষেমস্য বৈষম্যং পূর্ব-কর্মানুসারতঃ।
যস্যাঃ কৃত্যে ন বৈষম্যং তাং কালীং প্রণমাম্যহং॥
সুকৃত্যানাং কুকৃত্যানাং শ্মশানে গমনং ধ্রুবম্।
ইতিমত্বা মহামায়া শ্মশান মধিতিষ্ঠতি॥
দ্বে এব মাতরৌ বিশ্বে ভাগীরথীচ কালিকা।
পাপিনাং পাপনাশায় অম্ময়ী প্রেতভূপ্রিয়া॥
বরাভয় প্রদানেন ভক্তেভ্যঃ সর্ব্বদা মুদা।
নিশিতাসি প্রহারেণ দৈত্যেভ্যোপিহ বিমুক্তিদা॥
সুকোমলা মহাভীমা সুরশ্রেষ্ঠা মহেশ্বরী।
বিতরতু কৃপাং মহ্যং দৈত্যাধমায় পাপিনে॥
বাসনায়াং চ পূর্নায়াং বাসনান্তরে সংশয়ঃ।
ব্যাকুলয়তি চিত্তং মে দেহি মে প্রত্যয়ং দৃঢ়ম্॥
মূর্ত্তিমতী কৃপাত্বং হি চোদ্ধারায় সমাগতা।
পাপিনং মা সমুদ্ধৃত্য নাম সার্থকতাং কুরু॥

সংশয়াত্মা মহাপাপী মায়য়া চ বিমূঢ়ধীঃ ॥
শান্তিং সুখং ন প্রাপ্নোমি দংদহেঽশান্তিবহ্নিনা ॥
সর্ব্বদ্রষ্টী চ সর্ব্বজ্ঞা বিজানাসি মনোরুজম্ ।
মনোরোগ বিনাশায় দেহি মে যোগ্য ভেষজম্ ॥
মাতা পিতৃ সুতানাঞ্চ দারানাং স্বজনস্য চ ।
বিনাশেনাপি মূঢ়স্য ন জ্ঞানং জায়তে ক্বচিৎ ॥
নির্গুণো গুণবান্ জাতো মূর্খোঽহং পণ্ডিতোমতঃ ।
সাধুকৃতোঽহ্যসাধুশ্চ কৃপায়ানাস্তি তুলনা ॥
পূর্য্যন্তে কামনাঃ সর্ব্বা হেলয়া নামকীর্তনাৎ ।
ভক্ত্যা সঙ্কীর্তনান্নাম্নাং চতুর্ব্বর্গং ভবেদ্ধ্রুবম্ ॥
তথাপি চানুরাগো মে ন জায়তে ক্বচিৎ ত্বয়ি ।
প্রত্যূহাংশ্চানুরাগস্য কৃপয়া নাশয়াঞ্জসা ॥

যে নির্ব্বিশেষে সর্ব্বদা সর্ব্বজীবের যোগক্ষেম বহন করে এবং ভয় হইতে রক্ষা করে তাহাকে প্রণাম করি। ভক্ত ও অভক্তে ভেদ না করিয়া শরণাগতকে ঈপ্সিত দান করে তাহাকে প্রণাম করি। পূর্ব্বকর্মানুসারে যোগক্ষেমের বৈষম্য হয় কিন্তু যাহার বিষম বুদ্ধি নাই তাঁহাকে প্রণাম করি। সুকৃতি ও কুকৃতির শ্মশানে গমন সুনিশ্চিত, সেই হেতু মা শ্মশানে বাস করে। মা গঙ্গা ও কালী উভয়ে পাপীর পাপনাশের জন্য, মা গঙ্গা জলময়ী হইয়াছে এবং শ্যামা মা শ্মশানবাসিনী হইয়াছে। মা গঙ্গা গর্ভে ধারণ করিয়া ও শ্যামা মা তীক্ষ্ণ খড়্গাঘাতে হত্যা করিয়াও মুক্তিদান করিতেছে। মা তুমি সুকোমলা ও বিভীষণা, দৈত্যাধম পাপী আমাকে কৃপা কর। আমার কামনা পূর্ণ হইলেও কামনান্তরে সংশয় উপস্থিত

হয় এবং আমাকে ব্যাকুল করে, আমাকে দৃঢ় প্রত্যয় দান কর। তুমি মূর্ত্তিমতী কৃপা। উদ্ধারের জন্য ভুবনে অবতীর্ণ হইয়াছ। এই মহাপাপীকে উদ্ধার করিয়া নিজ নামের সার্থকতা প্রদর্শন কর। আমি সংশয়াত্মা, মহাপাপী এবং বিমূঢ়বুদ্ধি আমি মুহূর্ত্তও শান্তি বা সুখ পাইনা সর্বদাই অশান্তি বহ্নিতে অত্যন্ত দগ্ধ হইতেছি। তুমি সর্ব্বদর্ষী ও সর্বজ্ঞা আমার মনঃপীড়ানাশের জন্য যোগ্য ঔষধ প্রদান কর। মাতা, পিতা, পুত্র, পত্নী ও স্বজনের বিয়োগ দেখিয়াও আমার জ্ঞান হইতেছেনা। আমি তোমার কৃপায় নির্গুন হইয়াও পণ্ডিত এবং অসাধু হইয়াও, সাধু বলিয়া গন্য হইয়াছি। তোমার কৃপার তুলনা নাই। হেলায় নাম কীর্ত্তন করিলেও বাসনা পূর্ণ হয়। ভক্তিপূর্ব্বক নাম কীর্ত্তন করিলে চতুর্ব্বর্গ লাভ করা যায়। তথাপি তোমার পাদপদ্মে আমার অনুরাগ হইতেছেনা। অতএব অনুরাগের সমস্ত বিঘ্নকে কৃপাপূর্বক সমূলে নাশ কর।

১৬

মায়াপি মুক্তি হেতুঃ

আপাতরম্যৈঃ পরিণাম দুঃখৈঃ প্রলোভ্য মায়া বিষয়ৈ রনিত্যৈঃ।
প্রসহ্য নীত্বা নিরয়ং হি ঘোরং ক্লিশ্নাতি সর্ব্বান্ সুচিরং হি কালম্ ॥
সংযম্য মায়া ভবপাশবন্ধৈ র্নরাংশ্চ সর্বান্ কুরুতে বিমুগ্ধান্।
ছিত্বা হি পাশান্ চতুরাশ্চ কেচিৎ জীবন্‌বিমুক্তাঃ শিবতাং ব্রজন্তি ॥
বদ্ধাশ্চ কেচিত্ সুখলেপ দুঃখম্ বিজ্ঞান নেত্রৈঃ প্রসমীক্ষ্য নূনম্।
আসক্তিহীনা বিচরন্তি মর্ত্ত্যে বিজিত্য মায়াংচ প্রয়ান্তি মুক্তিম্॥

স্নেহে কদাচিৎ প্রবলে হি জাতে হ্যনিষ্ট মাশঙ্ক্য সুতাদীনাঞ্চ।
স্মরন্তি যে বা সততং হি মাতুঃ মায়া হিতেষাং প্রবিমুক্তি হেতুঃ॥
অতো হি প্রাজ্ঞাঃ প্রবদন্তি কেচিৎ মায়ৈব মায়াং প্রকরোতি দূরম্।
অজ্ঞানিনো মে শরণংহি মায়া ত্বমেব মায়ে হর বিশ্বমায়াম্॥

পরিণামে দুঃখজনক আপাতরম্য বিষয় দ্বারা প্রলোভিত করিয়া মায়া বলপূর্ব্বক ঘোর নরকে লইয়া যায় এবং চিরকাল ক্লেশ দান করে। মায়া ভবপাশ বন্ধনে বদ্ধ করিয়া সকলকে বিমূঢ় করিয়া রাখে। কতকগুলি চতুর লোক পাশ ছেদন করিয়া জীবিতাবস্থাতেই বিমুক্ত হইয়া শিবতা প্রাপ্ত হয়। কতকগুলি বদ্ধ লোক বিজ্ঞান নেত্র দ্বারা সুখলেপ দুঃখের কথা চিন্তা করিয়া আসক্তিহীন হইয়া মর্ত্তে বিচরণ করে এবং মায়াকে জয় করিয়া মুক্তি লাভ করে। সন্তানগণের প্রতি স্নেহ, নিষ্কাম ও প্রবল হইলে, সর্ব্বদা স্নেহভাজনগণের অনিষ্ট আশঙ্কা করিয়া যাহারা সর্ব্বদা মাতৃ পাদপদ্ম স্মরণ করে মায়াই তাহাদের মুক্তির কারণ হয়। সেই হেতু প্রাজ্ঞেরা বলেন মায়াই মায়াকে দূর করে॥ আমি অজ্ঞান, মায়া তুমি আমার শরণ, কৃপা করিয়া আমার বিশ্বমায়া হরণ কর।

১৭

বার্দ্ধক্যে মনোভাবঃ

কৃপা জনন্যা রুদতী হ পুত্রে ক্রীড়াপরে নৈব কৃপা কদাচিৎ।
তথা রুদত্যেব জগজ্জনন্যাঃ কৃপা ভবেদ্বৈ পরমা হি নূনম্॥

ক্রীড়াপরোঽহং রুদিতং ন জানে মাং রোদয়িত্বা করুণাং কুরুষ্ব।
যেনৈব প্রাপ্তিঃ সুলভা ভবেৎ তে তদ্রোদনং মা কৃপয়া হি শাধি॥

জগতে দেখা যায় ক্রন্দনরত পুত্রকে মা কৃপা করে যাহারা ক্রীড়ায় রত মা তাহাকে কৃপা করেনা। সেইরূপ জগজ্জননীও তাঁহার জন্য ক্রন্দন পর পুত্রকে পরম কৃপা করে, মা আমি সর্ব্বদাই ক্রীড়ায় রত, রোদন করিতে জানিনা তুমি রোদন করাইয়া করুণা কর। যে রোদনে তোমার করুণা লাভ হয় কৃপা করিয়া সেই রোদন আমাকে শিক্ষা দাও।

১৮

নববর্ষ প্রার্থনা

বর্ষে নবেঽস্মিন্ মমচিত্তবৃত্তি র্বিচ্ছিদ্য সর্ব্বং ভবপাশ বন্ধম্!
মায়াং চ মোহং কৃপয়া জনন্যাঃ শ্যামাঙ্ঘ্রিপদ্মে ভবতু স্থিরা বৈ॥
প্রয়াতু দূরং সকলশ্চ বিঘ্ন উপাসনায়াং মননে চ মাতুঃ।
মূর্ত্তিশ্চ মাতু র্বিমলা প্রসন্না উদেতু হৃৎখে তমসো নিহন্ত্রী॥
নমামি কালিকাং দেবীং সর্ব্বকলুষনাশিনীম্।
নীলমণি স্বরূপেণ নয়নানন্দ দায়িনীম্॥

মা এই নূতন বর্ষে আমার চিত্ত বৃত্তি ভবপাশ বন্ধ ছেদন করিয়া এবং মায়ামোহ মুক্ত হইয়া তোমার কৃপায় শ্যামাঙ্ঘ্রি পদ্মে স্থির হউক। আমার উপাসনায় ও মাতৃচিন্তায় সর্ব্ববিঘ্ন দূর হউক। আমার হৃদাকাশে তমোনাশিনী বিমল ও প্রসন্ন মূর্ত্তি উদিত হউক। সর্ব্বপাপনাশিনী নীলমণি সদৃশ নয়নানন্দদায়িনী কালিকা দেবীকে প্রণাম করি।

১৯

মাতৃ স্ফুরণম্

কালী পয়োদাৎ চপলেব দীপ্তিঃ নির্গত্য নেত্রে বিকলে চ কৃত্বা
নিপাত্য সদ্য স্তিমিরে প্রগাঢ়ে বিলীয় দুঃখং চ নবং দদাতি।
জ্যোতির্ম্ময়ী স্নিগ্ধকরৈ রপাস্য সর্ব্বাণি তমাংসি হৃদিস্থিতানি
স্থিত্বা স্থিরা তত্র বিমূঢ়-জীবম্ প্রবোধয়া-স্বাঙ্ঘ্রি-সরোজঘাতৈঃ

কালীমেঘ হইতে বিদ্যুতের ন্যায় দীপ্তি নির্গত হইয়া আমার নেত্রকে বিকল করিয়া তৎক্ষণাৎ গাঢ় তিমিরে নিক্ষিপ্ত করে এবং বিলীন হইয়া দুঃখ দান করে। মা তুমি জ্যোতির্ম্ময়ী, স্নিগ্ধ করে আমার হৃদিস্থিত সমস্ত অন্ধকার বিদূরিত করিয়া এবং স্থির ভাবে থাকিয়া বিমূঢ় জীবাত্মাকে পাদপদ্মের আঘাতে জাগরিত কর।

২০

রসনাং কালীনাম রসাস্বাদে লোলুপাং কুরু।

কিংতীর্থযাত্রয়া তস্য কিং দানেন কিমিজ্যয়া।
কিংশ্রুতি-স্মৃতিপাঠেন কিং দমেন শমেন বা॥
কিমুগ্রতপসা বাপি কিং সন্ধ্যোপাসনাদিভিঃ।
কালীনাম রসাস্বাদে রসনা যস্য লোলুপা॥

যাহার স্বতঃই রসনা কালীনাম রসাস্বাদে লোলুপ হইয়াছে তাহার তীর্থযাত্রা- যজ্ঞ, দান, শ্রুতিস্মৃতিপাঠ, দম, শম, উগ্রতপঃ সন্ধ্যা, উপাসনা প্রভৃতি কোন কর্ম্মের প্রয়োজন নাই।

২১

শ্রীশ্যামা ব্রহ্মণো মূর্ত্তিঃ

অংশত্রয়েন সংযুক্তং পরব্রহ্ম সনাতনং।
সদংশশ্চ চিদংশশ্চ সুখাংশ ইতি তে ত্রয়ঃ॥
পরংব্রহ্ম নিরাকার মিতিশাস্ত্রেষু বর্ন্যতে।
তথাপি জীবমুদ্ধর্ত্তুং ব্রহ্মণো রূপধারণম্॥
ব্রহ্মরূপং মহাকাল্যাং সুস্পষ্ট মনুভূয়তে।
সদংশেন মহাদেবঃ শেতেশবসমঃ সদা॥
চিদংশেন মহাকালঃ শিবহৃদি চ বর্ত্ততে।
সুখাংশেন মহাকালী শিবহৃদি হি সংস্থিতা॥
মহাকালেন সার্দ্ধংচ বিপরীতরতাতুরা।
অংশত্রয়মবিচ্ছেদ্যমিত্যপি পরিদৃশ্যতে॥
অতো হি কালিকা মাতা সচ্চিদানন্দরূপিনী।
জনানাংত্রানহেতোশ্চ হ্যবতীর্ণা মহীতলে॥

শ্যামা মাকে ভক্তেরা ব্রহ্মময়ী বলে, কারণ তিনিই ব্রহ্মের মূর্ত্তি। ব্রহ্মে তিনটি অংশ আছে সদংশ, চিদংশ ও সুখাংশ। শাস্ত্রে উল্লিখিত আছে ব্রহ্ম নিরাকার কিন্তু জীবোদ্ধারের জন্য রূপ ধারণ করে। শ্যামাতে ব্রহ্মের রূপ সুস্পষ্ট দেখা যায়। সদংশে মহাদেব শবরূপে বর্তমান, চিদংশে মহাকাল শিব হৃদয়ে বর্তমান, সুখাংশে মহাকালী শিবহৃদয়ে দণ্ডায়মানা এবং মহাকালের সহিত বিপরীত রতাতুরা। তিন অংশই অবিচ্ছেদ্য ইহা দেখা যায়। অতএব শ্যামা মা সচ্চিদানন্দরূপিনী হইয়া লোকগণের ত্রাণের জন্য মহীতলে অবতীর্ণ।

২২

অপরাধ ভঞ্জনম্

মাতর্ন জানেহর্চ্চনপদ্ধতিং তে নাস্তি প্রতীতি স্ত্বয়ি নির্ব্বিকম্পা।
অহৈতুকীভক্তি রুতাস্তি নৈব শ্রদ্ধা ন শাস্ত্রে গুরুপাদপদ্মে॥
যোগো ন যোগ্যো মনসশ্চলত্বাৎ তপো ন যোগ্য মজিতেন্দ্রিয়ত্বাৎ।
মমাপরাধো হি পদে পদে তে সর্ব্বাপরাধং কৃপয়াক্ষমস্ব ॥
কৃপা জনন্যা স্তনয়ে সমানা দুষ্টে চ শিষ্টে খলুনৈব ভিন্না।
মুমূর্ষুর্বৃদ্ধো শরণংগতস্তে সমুদ্ধরাস্বাখিল-বিশ্বমাতঃ॥

মা আমি অর্চ্চনার পদ্ধতি জানিনা, তোমাতে দৃঢ় প্রতীতি নাই, অহৈতুকী ভক্তিও নাই, শাস্ত্রে বা গুরুতে একান্ত শ্রদ্ধাও নাই, আমার মন অতি চঞ্চল বলিয়া আমি যোগের যোগ্য নই, অজিতেন্দ্রিয় বলিয়া তপস্যা করার যোগ্য নই। আমার তোমার নিকট পদে পদে অপরাধ হইতেছে। তুমি কৃপা করিয়া সকল অপরাধ ক্ষমা কর। সকল সন্তানে মায়ের কৃপা সমান, দুষ্ট বা শিষ্ট বলিয়া কোন ভেদ নাই। আমি মুমূর্ষু বৃদ্ধ তোমার শরণ লইলাম, হে বিশ্ব জননি! আমাকে উদ্ধার কর।

২৩

বার্দ্ধক্যে প্রার্থনা।

স্থিরা ভব মহামায়ে হৃদয়পঙ্কজে মম।
নামস্মরণমাত্রতো মূর্ত্তিঃস্ফুরতু তৎক্ষণাৎ॥
কালীনামামৃতস্বাদে জিহ্বাভবতু লোলুপা।
উৎকর্ণৌভবেতাংকর্ণৌ কালিকানামকীর্ত্তনে॥

নিষ্পলকং ভবেন্নেত্রং কালিকারূপদর্শনে।
হর্ষাশ্রু পততু নেত্রাৎ কালিকামূর্ত্তিদর্শনে ॥
শোকাশ্রু পততু নেত্রাৎ কালিকায়া অদর্শনে।
হস্তৌ ব্যস্তৌ ভবেতাং মে কালিকা গৃহমার্জ্জনে ॥
চরণৌ চঞ্চলৌ স্যাতাম্ প্রস্থানে মাতৃমন্দিরে।
কালিকা চরণস্পর্শাৎ ভবেৎ পুলকিতা তনুঃ ॥
গায়তু বদনংমাতঃ কালিকা নাম সন্ততম্।
কালীনিবেদিতৈরন্নৈঃ শাম্যতু জঠরানলঃ ॥
চরণামৃতপানেন পিপাসা মে প্রশাম্যতু।
পাদস্থ কুসুমাঘ্রাণে নাসিকা ভবতূৎসুকা ॥
দুর্নিগ্রহং চলং চিত্তমিন্দ্রিয়ানা মধীশ্বরম্।
ইন্দ্রিয়ৈস্তাড়িতং ভূত্বা করোতু চরণাশ্রয়ম্ ॥

মা তুমি আমার হৃৎপদ্মে স্থিরভাবে অবস্থান কর। নাম-স্মরণমাত্রেই যেন মূর্ত্তিস্ফুরিত হয়। কালীনামামৃতস্বাদে আমার জিহ্বা লোলুপ হয়। কালিকা নাম শ্রবণে কর্ণদ্বয় যেন উৎকর্ণ হয় কালিকারূপ দর্শনে চক্ষুদ্বয় যেন পলকশূন্য হয়। তোমার মূর্ত্তি দর্শনে নেত্র হইতে আনন্দাশ্রু পতিত হয়। কালিকার অদর্শনে যেন নেত্র হইতে শোকাশ্রু পতিত হয়। আমার হস্তদ্বয় যেন গৃহমার্জ্জনে ব্যস্ত হয়। আমার চরণদ্বয় মাতৃমন্দিরে যাওয়ার জন্য চঞ্চল হয়। মায়ের চরণ স্পর্শে যেন তনু পুলকিত হয়। আমার বদন যেন সর্ব্বদা কালীনাম গান করে। কালী নিবেদিত অন্নে যেন আমার জঠরানল শান্ত হয়। মায়ের চরণামৃত পানে যেন

আমার পিপাসা শান্ত হয়। মার পাদপদ্মস্থিত কুসুম আঘ্রাণে নাসিকা উৎসুক হয়। চিত্ত আমার দুর্নিগ্রহ ও চঞ্চল এবং ইন্দ্রিয়-গণের অধীশ্বর ইন্দ্রিয়গুলি কর্ত্তৃক বিতাড়িত হইয়া চিত্ত যেন তোমার চরণের শরণ গ্রহণ করে ইহাই আমার বার্দ্ধক্যে একমাত্র প্রার্থনা।

২৪

কৃপাময়ী-নাম সার্থকম্

যস্যা জ্যোতির্লবং প্রাপ্য চন্দ্রার্কগ্রহতারকাঃ।
ভান্তি বিশ্বে দিবারাত্রং সাতুর্দ্দর্শা নরৈরিহ॥
নিগ্রহানুগ্রহার্থঞ্চ দৈত্যভক্তগণস্যচ।
প্রচ্ছাদ্য স্বকীয়ং জ্যোতি র্জ্যোতির্ম্ময়ী মহেশ্বরী॥
নবাভ্ররুচিমাদায় হ্যবতীর্ণা মহীতলে।
ভীমাপি কোমলা কালী নেত্রপ্রীতিকরী সদা॥
দৈত্যান্ নিহন্তি যুদ্ধে সা স্বাঙ্গে ধৃত্বা কৃপাময়ী।
হতদৈত্যশরীরানি মুক্তিং তেভ্যঃ প্রযচ্ছতি॥
দ্রোহিষু করুণা তস্যাঃ কিমু ভক্তে পদাশ্রিতে।
অতঃ কৃপাময়ী নাম্না প্রখ্যাতা সা মহীতলে॥

যাঁহার জ্যোতিকণা লাভ করিয়া চন্দ্র, সূর্য্য, গ্রহ, নক্ষত্র, বিশ্বে কিরণ দান করে তিনি নরগণের দর্শনের অতীত। তিনি ভক্ত ও দৈত্যগণের অনুগ্রহ ও নিগ্রহের জন্য নিজের দুর্দ্দর্শ জ্যোতি প্রচ্ছন্ন করিয়া নূতন মেঘের বর্ণ ধারণ করিয়া ধরাতলে অবতীর্ণ হইয়াছেন। মা ভয়ঙ্করী হইলেও কোমলা ও নেত্রপ্রীতিকরী। তিনি দৈত্য-

গণের শরীর নিজ অঙ্গে ধারণ করিয়া মুক্তি দিয়াছেন। যাঁহার শত্রুর প্রতি এইরূপ কৃপা, ভক্তের প্রতি তাঁহার কৃপা কিরূপ তাহা সহজেই বুঝা যায়। এইহেতু তিনি কৃপাময়ী নামে খ্যাত।

২৫

বিদ্বান্ মূর্খঃ

অনিত্যফললাভায় বিদ্বম্মন্যা মদান্বিতাঃ।
অনধিগতশাস্ত্রার্থা যজন্তে দেবতাঃ সদা॥
প্রকৃত্যা নির্ব্বোধাস্তে হি স্বল্পায় ভূরিকারিণঃ।
অনুশোচন্তি পশ্চাৎ তে নিমগ্না দুঃখসাগরে॥
ইষ্টদেবে ভক্তিমন্তো মূর্খাশ্চ বহবো জনাঃ।
যজন্তে নামযজ্ঞৈর্হি ভক্ত্যা পরময়া যুতঃ॥
পত্রৈঃ পুষ্পৈঃ ফলৈ স্তোয়ৈ রর্চ্চন্তি ভক্তিভাবতঃ।
বুদ্ধিমন্তো হিতে সর্ব্বে ভূরয়ে স্বল্পকারিণঃ।
প্রাপ্নুবন্তি পদং নিত্যমিষ্টদেব প্রসাদতঃ।
বিদ্বদ্ভ্যশ্চ বরং মূর্খা হিতাহিতবিবেকিনঃ॥

কতকগুলি বিদ্বন্মন্য লোক শাস্ত্রের যথার্থ মর্ম অবগত না হইয়া কামনাপূর্ব্বক নানা দেবতা অর্চ্চনা করে প্রকৃতপক্ষে তাহারা মূর্খ এবং অনিত্য তুচ্ছফলের জন্য বহুকর্ম ও যাগযজ্ঞ করে। কতকগুলি লোক ইষ্টদেবে ভক্তিমন্ত হইয়া পরম ভক্তিসহকারে নামযজ্ঞদ্বারা ইষ্টদেবের অর্চ্চনা করে এবং পত্র পুষ্প ফল ও জল

ইষ্টদেবকে প্রদান করে। তাহারাই বুদ্ধিমান্ কারণ অনাড়ম্বর স্বল্প কর্ম্মের দ্বারা ভূরি ফল অর্থাৎ ইষ্টদেবের পাদপদ্ম লাভ করে অতএব বিদ্বান্ হইতে হিতাহিত বিবেকী মূর্খই শ্রেষ্ঠ।

২৬

উদ্বেগো হিতকরঃ

আকাঙ্ক্ষে সদসদ্ যদেব জননি স্মৃত্বা পদাব্জংহিতে
তৎসর্ব্বংরভসা চিরায় নন্থমে প্রাপ্নোতি সিদ্ধিং ধ্রুবম্
উদ্বেগো নিয়তং প্রপীড়য়তি মাং সন্দিগ্ধ চিত্তং ভৃশম্
বিশ্বাসঃ সুদৃঢ়ো নবৈ ভবতি মে প্রাগ্ জন্মপাপাদ্ হৃদি ॥
আসিদ্ধেঃ সততং স্মরামি জননী মিত্যেব লাভো মহান্
স্মৃত্যা মে নিয়তং মনো মলযুতং হীনং মলৈ র্জায়তে।
উদ্বেগো হি মহান্ পরো হিতকর শ্চেন্মাতৃপদ স্মৃতিঃ
মন্যেঽহং রভসা মনোরথ-ফলাৎ কালেন সিদ্ধির্বরম্ ॥

আমি মার পাদাব্জ স্মরণ করিয়া সৎ অসৎ যাহাই আকাঙ্ক্ষা করিনা কেন, সকলই শীঘ্র বা বিলম্বে নিশ্চয়ই সিদ্ধিলাভ করে। বিলম্বে উদ্বেগ, সন্দিগ্ধচিত্ত আমাকে অত্যন্ত পীড়া দেয়, প্রাগজন্মকৃত পাপের জন্য দৃঢ় বিশ্বাস জন্মেনা। কামনা সিদ্ধি না হওয়া পর্য্যন্ত জননীকে নিত্য স্মরণ করি। ইহা আমার মহান্ লাভ কারণ সর্ব্বদা স্মরণে মলযুত মনঃ ক্রমশঃ মলহীন হয়, উদ্বেগ অতীব হিতকর, যদি তাহাতে মাতৃপদের স্মৃতি হয়। অতএব মনোরথের শীঘ্র সিদ্ধি হইতে বিলম্বে সিদ্ধিই ভাল।

২৭

প্রার্থনা

বিদ্বদবিদুষোর্বাপি নির্ধনধনিনোস্তথা।
কৃপায়াং নাস্তি বৈষম্যমুত্তমাধময়োশ্চ বা॥
ন বা বিদ্যা ন বা চার্থো ন বা যোগোনবাস্তপঃ।
ন-বাধ্যানং নবা দানং কৃপায়াঃ কারণংভবেৎ॥
মন্যে হ্যহৈতুকী ভক্তিঃ কৃপাপ্রাপ্ত্যৈ হিকারণম্।
সর্ব্বেষু হি সমাদৃষ্টি র্মাতুস্তে পরমেশ্বরি॥
আবাল্যাৎ প্রৌঢ়তাং যাবদ্ভব-সুখাভিবাঞ্ছয়া।
বৃথার্থচিন্তয়া মাতঃ কালোতিবাহিতো ময়া॥
গচ্ছতাং কেন মার্গেণ কৃপালাভো ভবেন্নৃণাম্।
কৃপয়া নয়তন্মার্গং দীনার্ত্তং শরণাগতম্॥
অন্তরেণ কৃপাং মাতর্নরা হি দুঃখভাগিনঃ।
অনিমিত্তা কৃপা দেবি প্রায়শো দৃশ্যতে ভুবি॥
চেদহৈতুকী ভক্তিঃ কৃপায়াঃ কারণং ভবেৎ।
তাং ভক্তিং দেহি মাতর্মে যাচেঽহং তাং কৃতাঞ্জলিঃ॥

বিদ্বান্ মূর্খ, নির্ধন ধনী, বা উত্তম অধমে মায়ের কৃপার বৈষম্য নাই। বিদ্যা, অর্থ, যোগ তপঃ, ধ্যান বা দানও কৃপার কারণ নহে। মনে হয় অহৈতুকী ভক্তিই কৃপার একমাত্র কারণ। মা সর্ব্বজীবে তোমার দৃষ্টি সমান। বাল্য হইতে প্রৌঢ়কাল পর্য্যন্ত ভবসুখাশায় এবং বৃথা অর্থ চিন্তায় কাল অতিবাহিত করিয়াছি। যে পথে গমন

করিলে মানুষ কৃপা পায়, দয়া করিয়া দীন আর্ত্ত ও শরণাগত আমাকে সেই পথে লইয়া চল। কৃপা না পাইলে মানুষ দুঃখ ভোগ করে। মা অনেক সময়ে অনিমিত্ত কৃপা দেখা যায়। মা অহৈতুকী ভক্তি যদি কৃপার কারণ হয় তবে সেই ভক্তি প্রদান কর।

২৮

মাতুর্জীবেষু মায়া

সর্ব্বৈশ্বর্য্যং পরিত্যজ্য কালিকা জগদীশ্বরী।
বসনভূষণৈর্হীনা সদা শ্মশানবাসিনী॥
ঐশ্বর্য্যদর্শনাদ্ভীতা নায়ান্তি তনয়া মম।
ইতিমত্বা মহাকালী ত্যক্তৈশ্বর্য্যা দিগম্বরী॥
যস্যাঃ জ্যোতির্লবং প্রাপ্য জ্যোতিষ্মন্তোগ্রহাদয়ঃ।
সুদুর্দ্দর্শা স্তুতৈঃ সাবৈ ততোণীলা মহেশ্বরী॥
নাকবাসং পরিত্যজ্য তনয়োদ্ধারণায় চ
ত্যক্তনিদ্রা পৃথিব্যাং হি, ভ্রমতীহ মহীতলে॥
বিষ্ণুপাদোদ্ভূতা গঙ্গা কালিকাচ সুরেশ্বরী।
সর্ব্বভূতহিতার্থং বৈ বিচরতঃসদৈব হি॥

ঐশ্চর্য্য দর্শনে ভীত হইয়া সন্তানেরা আমার শরণ না লয়, এইহেতু তুমি দিগম্বরী, অলঙ্কারহীনা ও শ্মশানবাসিনী হইয়াছ। যাঁহার জ্যোতিঃকণা লাভ করিয়া গ্রহগণ জ্যোতির্ম্ময় হইয়াছে সেই জ্যোতির্ম্ময়ী মা অন্যের দর্শনের অযোগ্য বলিয়া নেত্রপ্রীতিকর নীলবর্ণ গ্রহণ করিয়াছ এবং সন্তান উদ্ধারের জন্য স্বর্গবাস ত্যাগ

করিয়াছ। জগতে বিষ্ণুপাদোদ্ভবা গঙ্গা এবং সুরেশ্বরী কালী সর্ব্ব-জীবের মঙ্গলের জন্য সর্ব্বদা মহীতলে বাস করে ও বিচরণ করে।

২৯

কা গতি র্মে ভবিষ্যতি

চলং দুর্নিগ্রহং চিত্তং সংশয়েনাকুলং সদা
ন প্রত্যয়ো জগৎকর্ত্র্যাং কাগতির্মে ভবিষ্যতি ॥
বিষয়েন্দ্রিয় সংযোগে চিত্তংতমনুধাবতি।
বিবেকেন নিরুদ্ধংহি কাগতির্মে ভবিষ্যতি ॥
অসংযতেন্দ্রিয়গ্রামো নানুরক্তশ্চমাতরি।
বিভ্রমামিজগত্যস্মিন্ কাগতির্মে ভবিষ্যতি ॥

মা আমার চিত্ত চঞ্চল ও দুর্নিগ্রহ এবং সর্ব্বদাই সংশয়াকুল, আমার গতি কি হইবে? বিষয়ের সহিত ইন্দ্রিয়ের যোগ হইলে চিত্তও তাহাকে অনুগমন করে, বিবেকের দ্বারা রোধ করিবার চেষ্টা করিয়াও রোধ করিতে পারিনা, আমার গতি কি হইবে? আমার ইন্দ্রিয়গ্রাম সংযত নহে এবং তোমার প্রতি গাঢ় অনুরাগও নাই, আমার গতি কি হইবে?

৩০

স্থিরা ভব

নিধায় চিত্তং চরণে জনন্যাঃ জপামি মন্ত্রং দিবসে রজন্যাম্।
চাঞ্চল্যতস্তে চরণস্থ মাতঃ চিত্তং জপে মা স্থিরতাং প্রয়াতি ॥
কৃপা যদি স্যাত্তনয়ে নিরাশ্রয়ে স্থিরা ভবত্বং মম হৃৎকুশেশয়ে।
সংগোপ্য মূর্ত্তিং সততং সুখাত্মিকাম্ জীবন্মৃতংমাং জহি মা মুহুর্মুহুঃ ॥

মা তোমার চরণে চিত্ত স্থাপন করিয়া দিনে রাত্রিতে মন্ত্র জপ করিতে চেষ্টা করি কিন্তু তোমার চরণের চঞ্চলতায় জপে চিত্ত স্থির হয়না এই নিরাশ্রয় তনয়ে যদি কৃপা থাকে তবে আমার হৃৎপদ্মে স্থির হও। তুমি তোমার সুখাত্মিকা মুর্ত্তি গোপন করিয়া জীবন্মৃত আমাকে মুহুর্মুহু আঘাত করিওনা।

৩১

কথং তে চরণশ্চিন্ত্যঃ

অনিষ্টচিন্তা সততং সুতানাম্ কদা দুরাশা সমুদিত্য চিত্তে।
উদ্বেজয়ত্যেব মনো মদীয়ম্ চিন্ত্যঃ কথং মে চরণ স্ত্বদীয়ঃ॥
কর্ত্তাহ মিত্যেব মতেঃ প্রভাবাৎ চিন্তান্বিতোঽহং পরিবার ভৃত্যৈ।
মায়াপটাচ্ছাদিত নেত্রযুগ্ম শ্চিন্ত্যঃ কথং মে চরণস্ত্বদীয়ঃ॥
বার্দ্ধক্যতোঽহং শিথিলেন্দ্রিয়শ্চ রোগাচ্চ শোকাৎ পরিপীড়িতশ্চ।
বিবেকহীনো বলবদ্রিপুশ্চ চিন্ত্যঃ কথং মে চরণস্ত্বদীয়ঃ॥
গুরৌ লঘৌ বা সমুপস্থিতেচ উদ্বিগ্নতা কর্ম্মণি নূনমেত্য।
করোতি মাং বৈ সততং বিষণ্ণম্ চিন্ত্যঃ কথং মে চরণঃস্ত্বদীয়ঃ॥

মা সুতগণের অনিষ্ট চিন্তা এবং কখন কখন দুরাশা চিত্তে উপস্থিত হইয়া আমার মনকে সর্ব্বদাই উদ্বিগ্ন করিতেছে, আমি কিরূপে চরণ চিন্তা করিব। আমি কর্ত্তা এই বুদ্ধি প্রভাবে সংসার পালনের জন্য সর্ব্বদা চিন্তিত, আমার নেত্রদ্বয় মায়াপটে আচ্ছন্ন, আমি কিরূপে চরণ চিন্তা করিব। আমি বার্দ্ধক্যহেতু শিথিলেন্দ্রিয়, তদুপরি রোগ ও শোকে পরিপীড়িত, আমি বিবেকবুদ্ধিহীন, কামাদি

রিপু প্রবল, আমি কিরূপে চরণ চিন্তা করিব। গুরু বা লঘুকর্ম্ম উপস্থিত হইলে উদ্বেগ আমাকে বিষণ্ণ করে আমি কিরূপে চরণ চিন্তা করিব।

৩২

ক্ষোভঃ

জানংশ্চ রোগং মরণং চ শোকম্ নূনং হি ভাব্যং ক্ষয়শীল মর্ত্ত্যে।
তথাপি মাতঃ শরণং ন যামি শ্যামাঙ্ঘ্রিপদ্মং পরমার্থ সারম্॥

মা ক্ষয়শীল পৃথিবীতে রোগ, শোক, মরণ নিশ্চিতই হইবে, ইহা জানিয়াও পরমার্থসার শ্যামাঙ্ঘ্রিপদ্মের শরণ গ্রহণ করি না, আমি অতীব মূর্খ।

৩৩

প্রার্থনা

নীলাভ্রবর্ণা নরমুণ্ডমালিকা হস্তৈশ্চতুর্ভি র্দধতীবরাভয়ে।
খড়্গংনৃমুণ্ডংনরহস্তমেখলা শবার্ভকর্ণা শবভূমি-বাসিনী॥
বিলোলজিহ্বা প্রবিকীর্ণ মূর্দ্ধজা কর্পূরগৌরস্মরজিৎ সমাশ্রিতা।
রজস্তমঃসত্ব বিমিশ্রিতাকৃতী রক্তোষ্ঠরাগাচ্ছবলী কৃতাননা॥
দংষ্ট্রা ময়ূখৈশ্চ তমোবিনাশিকা ললাটনেত্রাগ্নিশিখা হতাসুরা।
দিদৃক্ষমানা যুগপদ্ জগত্রয়ম্ নেত্রত্রয়ংবৈ দধতী সুকুন্তলা॥
নিগৃহ্য দৈত্যাননুগৃহ্য সেবকান্ গতিং সমানং দদতী সদাশুভাম্।
শ্যামা স্মিতাস্যা সততং হিজাগ্রতী বিরাজতাং মে হৃদয়ে কৃপাময়ী।

নীলমেঘবর্ণা, নরমুণ্ডমালিনী চারিহস্তে বর, অভয়, খড়্গ ও নৃমুণ্ডধারিণী শবশিশুকর্ণা নরকররসনা শ্মশানবাসিনী, বিলোল-

জিহ্বা, বিকীর্ণকেশা কর্পূরগৌর শিবহৃদি দণ্ডায়মানা, রজঃসত্ত্বতমো গুণের দ্বারা বিমিশ্রিতমূর্ত্তি, রক্তবর্ণ ওষ্ঠের দ্বারা রক্তবর্ণ ও নীলবর্ণে উজ্জ্বলীকৃতমুখী, দন্তকিরণে অন্ধকারনাশিনী, ললাটে নেত্রাগ্নিশিখা দ্বারা অসুরনাশিনী, একসঙ্গে জগত্রয় দেখিবার ইচ্ছায় ত্রিনেত্রা, সুকেশী, দৈত্যগণকে নিগৃহীত করিয়া ও ভক্তগণকে অনুগ্রহ করিয়া, সমানগতিদায়িনী, হাস্যমুখী সততজাগ্রতী কৃপাময়ী শ্যামা আমার হৃদয়ে সর্ব্বদা বিরাজিত থাকুক।

৩৪

শ্যামাশ্যাময়োরভেদঃ।

শ্যামা ব্রহ্মময়ী পরা হি প্রকৃতিশ্চাভূৎপুরা দ্বাপরে
শ্রীশ্যামো নররূপধৃগ্ ভুবনে শ্যামাঙ্গ পীতাম্বরঃ।
ত্রাণার্থং মহতাং সতাং খলু নৃণাং রক্ষোগণেভ্যঃ সদা
জাতাহে হি হরেঃ স্মরন্তু মনসা শ্যামাঙ্ঘ্রিপদ্মং মুদা॥
শ্যামঃ শ্যামাভবদ্ বৈ দিতিসুতনিধনে সুন্দরী লোলজিহ্বা
খড়গং মুণ্ডং দধানা নরকররসনা মুক্তকেশী ত্রিনেত্রা।
শ্যামাঙ্গী বালকর্ণা হ্যভয়বরকরা বিভ্রতী মুণ্ডমালাম্
শ্যামশ্যামাবিভেদং জগতিবিদধতাং শ্যামাঙ্ঘ্রির্নপ্রলভ্যঃ॥

ভীমাপি কোমলা কালী সাক্ষান্ মূর্ত্তিমতী দয়া।
চরণাশ্রিতভক্তায় বরাভয়ে প্রযচ্ছতি॥
সর্ব্বাঙ্গ সুন্দর শ্যামঃ সর্ব্বজন মনোহরঃ।
বিমোহ্য মধুরৈরূপৈ নির্হন্তি ধর্ম্মঘাতিনঃ॥

পরাপ্রকৃতি ব্রহ্মময়ী শ্যামা দ্বাপরে নররূপধারী শ্যামাঙ্গ পীতাম্বর শ্রীশ্যামরূপে আবির্ভূত হইয়াছিলেন। তাঁহার নররূপধারণের কারণ হইতেছে দৈত্যগণ হইতে সাধু ও মহামানবের রক্ষা। অতএব তাঁহার জন্মদিনে শ্যামাঙ্ঘ্রি পদ্ম আনন্দে স্মরণ করুন।

শ্যাম দিতিসুত নিধনের জন্য সুন্দরী লোলজিহ্বা বরাভয় খড়্গামুণ্ডকরা নরকর-রসনা মুক্তকেশী ত্রিনেত্রা শ্যামাঙ্গী বালকর্ণা মুণ্ডমালাধারিনী শ্যামা হইয়াছিলেন, উভয়ের ভেদ নাই বস্তুতঃ উভয়েই এক। যাঁহারা উভয়ের ভেদ দর্শন করে তাহারা শ্যামাঙ্ঘ্রি লাভ করিতে পারেনা।

৩৫

ভীষণা হইয়াও কালী কোমলহৃদয়া এবং মূর্ত্তিমতী দয়া; তিনি চরণাশ্রিতকে বরাভয়দান করেন।

শ্যাম সর্ব্বাঙ্গসুন্দর সর্ব্বজন মনোহর, মধুররূপে বিমুগ্ধ করিয়া ধর্ম্মঘাতি দৈত্যগণকে বিনাশ করেন।

৩৬

কালীনাম মাহাত্ম্যম্

যে লোকাঃ কুকর্ম্মনিরতা ভোগেষু সক্তাঃ সদা।
বাঞ্ছাং পূরয়িতুং স্মরন্তি মনসা কালীতি বর্ণদ্বয়ম্॥
সিধ্যন্তিধ্রুবমেববৈ স্বমনসো দুর্ব্বাসনা স্তৎক্ষণাৎ।
বক্তব্যংকিমুতত্রসাধুবিষয়ে নাম্নো বল মক্ষয়ম্॥

নমে ভক্তি র্নমে শক্তি র্নমে বিত্তং নমেরতিঃ।
নমে শ্রদ্ধা নমেপ্রীতি র্নাস্তি প্রত্যয়ো মম॥

নামিনাম্নোরভেদত্বাৎ নামগানে মতিঃ কৃতা।
তত্রাপি বহবো বিঘ্নাঃকামে গতির্ভবিষ্যতি ॥
জ্ঞানী নিষ্কাম ভক্তশ্চ সকামোপাসকস্তথা।
ঈশ্বরাস্তিত্ব সন্দিগ্ধা ইতি নরাশ্চতুর্ব্বিধাঃ ॥
অনন্যমনসাধ্যানং জ্ঞানিনামেব লক্ষণম্।
বিষ্ণুপ্রীত্যৈ কৃতংকর্ম্ম নিষ্কাম ভক্তলক্ষণম্ ॥
স্বসুখায় কৃতং কর্ম্ম সকামভক্ত লক্ষণম্।
ঈশ্বরে চ হ্যবিশ্বাসঃ চতুর্থজনলক্ষণম্ ॥
কৃত্যং তস্য প্রণামো হি বিশ্বাসানয়নায়চ।
স্বকর্ম্মণি স্থিতো লেকো লব্ধক্রমপদোন্নতিঃ ॥
জন্মবন্ধবিনির্মুক্তো মোক্ষমাপ্নোতি নিশ্চিতম্ ॥

পৃথিবীতে যাহারা কুকর্ম্মনিরত ও ভোগাসক্ত তাহারাও যদি বাসনাপূরণ জন্য কালীনাম স্মরণ করে তাহাদেরও বাসনা সিদ্ধিলাভ করে। সুতরাং যাহারা সৎকামনা করে তাহাদের যে সিদ্ধিলাভ হইবে এ বিষয়ে সন্দেহ করার কোন কারণ নাই। মা আমার ভক্তি, শক্তি, অর্থ, রতি, শ্রদ্ধা, প্রীতি কিছুই নাই, আমার গতি কি?

নামী ও নামের অভেদ হেতু নামগানে বুদ্ধি স্থাপন করিয়াছি তাহাতেও বহু বিঘ্ন ঘটিতেছে। জ্ঞানী, নিষ্কামভক্ত, সকামভক্ত ও নাস্তিকভেদে মানবগণ চতুর্ব্বিধ। যাঁহারা সংসার ভুলিয়া অনন্যমনে ভগবচিন্তা করে তাহারা জ্ঞানী, যাহারা বিষ্ণুপ্রীতির জন্য ধর্ম্মাচরণ করে তাহারা নিষ্কাম. যাহারা স্বসুখপ্রাপ্তির জন্য ধর্ম্মাচরণ করে

তাহারা সকাম এবং যাহাদের ঈশ্বরে অবিশ্বাস আছে তাহারা নাস্তিক। ঈশ্বরে বিশ্বাস আনয়নের জন্য নাস্তিকের কেবলমাত্র প্রণাম করার ব্যবস্থা আছে। অতএব ভগবানের উপদেশানুসারে নিজ নিজ কর্ম্ম দ্বারা সকলেই ভগবৎ কৃপায় ক্রমোন্নতি লাভ করিয়া মুক্তিলাভ করে।

৩৭

প্রার্থনা

ত্বাদৃশী নাস্তি পাপঘ্নী মাদৃশো নাস্তি পাপকৃৎ।
মাতাপুত্র বিবাদেঽস্মিন্ কো বা জেতা ভবিষ্যতি॥
সকৃদুচ্চারণেনৈব নাম্নস্তে জগদম্বিকে।
পাপকৃন্মুচ্যতে পাপাৎ ইতি শাস্ত্রেষুশ্রূয়তে॥
পূর্ব্ব পাপানি নশ্যন্তি পুনঃ পাপং করোম্যহম্।
কুমতি র্বিদ্যতে যাবৎ তাবন্মাতুঃ পরাজয়ঃ॥
জয়েচ্ছা যদি মাতুস্তে কুমতিং মে বিনাশয়।
দেহি মে সুমতিং মাত র্নচেৎ ধ্রুবং পরাজয়ঃ॥
চাঞ্চল্যান্মম চিত্তস্থ মূর্ত্তি র্বিক্রিয়তে সদা।
কৃপয়া স্থিরচিত্তে মে দিব্যাং মূর্ত্তিং প্রদর্শয়॥
উদিত্য হৃদয়াকাশে মূর্ত্তির্জ্যোতিষ্মতী তব।
নাশয়তু তমঃ সর্ব্বং ভাস্করস্তিমিরং যথা॥

মা আমার মত মহাপাপী জগতে নাই, তোমার মত পাপ-নাশিনীও কেহ নাই, তুমি পাপ নাশ করিতেছ আমি পুনরায় পাপ করিতেছি। মাতা পুত্রের এই বিবাদে কে জয়ী হইবে? একবার

